কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪২ সংখ্যা ২৪ কলকাতা বুধবার, ১২ জানুয়ারি ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৭ পৌষ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

রেলে ১০৩৭৬৯
গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

## আর্মির স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা

দেশের ১৩৬টি আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা অনলাইন স্ক্রিনিং টেস্ট নেওয়া হবে ১৯ ও ২০ ফেব্রুয়ারি। এই পরীক্ষায় বসার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ জানুয়ারি পর্যন্ত। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে দেশের সমস্ত সেনাবাহিনী-পরিচালিত স্কুলে শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। তবে কোনও ক্ষেত্রেই এই পরীক্ষায় সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো প্রাইমারি টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার এবং পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। এই পরীক্ষার সার্টিফিকেট রেজাল্ট ঘোষণার পর থেকে ৩ বছর পর্যন্ত বৈধ থাকবে।

### অনলাইন স্ক্রিনিং টেস্ট ১৯ ও ২০ ফেব্রুয়ারি

উল্লেখ্য, প্রাইমারি ও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে কেন্দ্র বা রাজ্য সরকার দ্বারা পরিচালিত টিচার এলিজিবিলিটি টেস্ট (টেট) পাশ না করে থাকলেও এই পরীক্ষায় বসার জন্য আবেদন করা যাবে।

পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি) নিয়োগ হবে এই সব বিষয়ে: ইংরেজি, হিন্দি, ইতিহাস, ভূগোল, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বায়োটেকনোলজি, সাইকোলজি, কমার্স, কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেটিক্স, হোম সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি) নিয়োগ হবে এই সব বিষয়ে: ইংরেজি, হিন্দি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেটিক্স, ফিজিক্যাল এডুকেশন।

পরীক্ষায় বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: প্রাইমারি টিচার (পি আর টি) : মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেইসঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ ব্যাচেলর অব এডুকেশন (বি এড) অথবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি):

এরপর পাঁচের পাতায়

## রাজ্যের প্রায় ১০ হাজার আসনে নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি

### প্রবেশিকা পরীক্ষা ১১ ও ১২ জুন

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স (এ এন এম) এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা (জি এন এম) কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা আয়োজিত হবে ১১ জুন ও ১২ জুন (শনি ও রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। এ এন এম কোর্সের ক্ষেত্রে শুধু মহিলারা আবেদন করবেন। জি এন এম কোর্সের ক্ষেত্রে প্রার্থীকে স্থায়ী বাসিন্দা হিসেবে পশ্চিমবঙ্গে অন্তত ৫ বছর টানা বসবাস করে থাকতে হবে। এ এন এম কোর্সের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হিসেবে অন্তত ৫ বছর টানা

এরপর আটের পাতায়

## সেবি-তে ১২০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

১২০ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (সেবি)। নিয়োগ হবে অফিসার গ্রেড এ ক্যাটেগরিতে জেনারেল, লিগাল, ইনফর্মেশন টেকনোলজি, রিসার্চ এবং অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ-সহ বিভিন্ন শাখায়। প্রথমে ২ বছরের প্রবেশন।

শাখানুসারে শূন্যপদের বিবরণ: জেনারেল: ৮০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি।

এরপর দুয়ের পাতায়

## উত্তর দিনাজপুরে ২২৬ আশাকর্মী

২২৬ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরের সাব-ডিভিশনাল অফিস। চুক্তিতে নিয়োগ হবে জেলার চোপড়া, ইসলামপুর, গোয়ালপোখর-১, গোয়ালপোখর-২ ও করণদিঘি ব্লকের অন্তর্ভুক্ত বিভিন্ন হেলথ সাব-সেন্টারে। শুধু বিবাহিত, আইনগত ভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/Genl./Health/ASHA.

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন। তবে সেক্ষেত্রে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই প্রার্থীর যোগ্যতা বিবেচিত হবে। কোনও স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা বা লিংক ওয়ার্কার হলে বা ধাইয়ের কাজে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

বয়স: ২৯-১২-২০২১ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.uttardinajpur.nic.in এছাড়াও আবেদনের ফর্ম সরাসরি সংগ্রহ করতে পারবেন সংশ্লিষ্ট হেলথ সাব-সেন্টার, গ্রাম পঞ্চায়েত অফিস ও ব্লক প্রাইমারি হেলথ সেন্টার থেকে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন: ✓প্রার্থীর ৩ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। বাকি ফটোগুলি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা অ্যাডমিট

এরপর তিনের পাতায়

## এন এইচ পি সি-তে ট্রেনি

### গেট-২০২১ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বিভিন্ন ট্রেডে ৬৫ জন ট্রেনি ইঞ্জিনিয়ার ও ট্রেনি অফিসার নিয়োগ করবে ন্যাশনাল হাইড্রোইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশন (এন এইচ পি সি)। নিয়োগ করা হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ফিনান্স ট্রেডে। প্রার্থীকে অবশ্যই গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে এক বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NH/Rectt. /04/ 2021.

শূন্যপদের বিন্যাস: ট্রেনি ইঞ্জিনিয়ার: সিভিল: শূন্যপদ ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) সিভিল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা এ এম আই ই (অ্যাসোসিয়েট মেম্বার অব দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া)। সেইসঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই) বিষয়ে গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

এরপর তিনের পাতায়

## স্বপ্ন দেখুন, ঘুরে দাঁড়ান এই অকালেও

**কোভিডের ঢেউ চলাকালীন, টালমাটাল অর্থনৈতিক পরিস্থিতিতে চাকরি হারিয়ে বেকার হয়ে যাওয়া মানুষ ও তাদের উপর নির্ভরশীল পরিবারগুলির অসহায়তার ছবি কখনও ভোলার নয়। আবার দেয়ালে পিঠ ঠেকে গেলে কেবল মনের জোরে ঘুরে দাঁড়িয়ে উপার্জনের বিকল্প পথ কী ভাবে খুঁজে নিতে হয়, তাও দেখিয়ে দিয়েছেন আমাদেরই আশেপাশে থাকা অনেকে। তাঁদের মানসিক দৃঢ়তা, পরিশ্রম, মেধা, দূরদৃষ্টি যে-কোনও ব্যবসাকে প্রতিষ্ঠা দেওয়ার ক্ষেত্রে শিক্ষণীয়।**




**নিজস্ব প্রতিনিধি:** ২০২০ সালে কোভিড-১৯-এর প্রকোপে কাজ হারান বহু মানুষ। তার মধ্যে ছিলেন কলকাতার প্রিয়ঙ্কা ভট্টাচার্যও। বৃদ্ধ বাবা-মা-র দেখভাল থেকে বাড়ির যাবতীয় খরচ তিনি একাই সামলাতেন। তাই কাজ হারিয়ে স্বভাবতই দিশাহারা হয়ে পড়েন তিনি। শুরু হয় বিকল্প আয়ের পথ খোঁজা। এই ব্যাপারে প্রিয়ঙ্কা পাশে পান তাঁর তুতোভাই, একটি বেসরকারি সংস্থায় কর্মরত সপ্তর্ষি বৈশ্যকে। দিদি ও ভাইয়ের আলোচনা থেকে বেরিয়ে আসে পথ। প্রিয়ঙ্কার প্যাশন রান্না করা। বাড়িতে অতিথিদের জন্য বা অবসরে নিজের ভালোলাগার জন্য নানা ধরনের বাঙালি পদ রান্না করতে পছন্দ করেন। রান্নার হাতেখড়ি তাঁর মায়ের কাছে। এছাড়াও অনলাইনে দিল্লির কয়েকটি প্রতিষ্ঠানে বেকারির প্রশিক্ষণ নিয়েছেন তিনি। সময় নষ্ট না করে সেই অভিজ্ঞতা, পাঁচ হাজার টাকা মূলধন আর ছোট্ট একটা ওটিজি মেশিন সম্বল করে কেক তৈরির ব্যবসা শুরু করে দেন প্রিয়ঙ্কা।

'২০২০ সালের অগস্ট থেকে একপ্রকার আনাড়ির মতো নেমে পড়া কেকের ব্যবসায়। সেই জন্য সংস্থার নামও 'আনাড়ি'। ব্যবসা করার কোনও অভিজ্ঞতা ছিল না, ছিল না পুঁজি বা জায়গা। তার উপরে তখন লকডাউন চলছে। প্রথমে বন্ধুদের থেকে অর্ডার আসতে শুরু করে। পরে সোশ্যাল মিডিয়া মারফত অনেক মানুষ জেনে যান'— জানালেন প্রিয়ঙ্কা। ইতিমধ্যে তিনি কলকাতা পুরসভার ট্রেড ও ফুড লাইসেন্সের জন্য আবেদন করেছিলেন। বেকারির পাশাপাশি রান্না করা খাবার বিক্রির সরকারি অনুমোদনও মিলে যায়। গোড়ায় রান্না করা খাবার বিক্রির পরিকল্পনা ছিল না। কিন্তু সামনে পুজো। পুজোয় এ ধরনের ব্যবসায় বড় লাভের সম্ভাবনা থাকেই। রাতারাতি সিদ্ধান্ত বদলে 'আনাড়ি'তে হরেক বাঙালি পদের বন্দোবস্ত করে ফেলেন প্রিয়ঙ্কা এবং সপ্তর্ষি।

যেসব পদ বাঙালি হেঁশেলে এখন আর সেভাবে রান্না হয় না বা কোনও রেস্তোরাঁতেও মেলে না সহজে, সেরকম পদে ২০২০-র দুর্গাপুজোতে

এরপর আটের পাতায়


ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

শিক্ষিতা, সুশ্রী, সৎ, অসহায়, সম্পূর্ণ পিছুটানহীন 35-48 মহিলা চাই। বিধবা নিঃসন্তান হলেও চলবে। 57, একা পুরুষের সংসারে সব কাজ, থাকা খাওয়া ৫০০০/- WApp/M: 98363-12936.

□

কলকাতায় MNC-এর জন্য মহিলা টেলিকলার চাই। যোগ্যতা HS, salary+ incentive. যোগাযোগ করুন: 93390-39624.

□

একটি আন্তর্জাতিক পারফিউম কোম্পানির কেবলমাত্র পারফিউম প্রাইমারি এবং সেকেন্ডারি করার জন্য পারফিউম সেলের অভিজ্ঞতাসম্পন্ন জেলাভিত্তিক সেলস- পার্সন আবশ্যক। cosmix@skngroup.net

□

Required Sales Executive male & female age 27-40, for high end South Korea drinking water product. 98755-08100.

□

Agriculture Co.-তে Online কাজের জন্য Delivery boy bike must ও ব্যাক অফিসের কাজের জন্য সুদক্ষ মার্কেটিং জানা মহিলার প্রয়োজন। M: 86971-65776, 96741-87713.

□

এসপ্ল্যানেডের কাছে ব্যাক অফিস এক্সিকিউটিভ পদের জন্য বেসিক কম্পিউটার জানা পুরুষ ও মহিলা প্রয়োজন। যোগাযোগ: rs0024477@gmail.com

□

দিল্লি মুম্বইতে বেবি কেয়ার ন্যানি জাপা কুক এডুকেটেড গভর্নেস (12-30K) চাই। Urgently reqd US & UK visa holder candidates. Aastha Job 90077-12120/98740-90883

□

Enjoy stress free job after retirement. Work from home and office as part time with benefits of full time job. Call: 84799-52417.

□

Required FA faculty. Candidates are requested to submit their Bio-data at Thakurpukur Youth Computer Center, P-51, Vivekananda Sarani, Gurudakhina, Kolkata-700 063 Ph.: 91631-00832.

□

ব্যাঙ্ক DSA-তে চাকরি। Apply now male/female ম্যানেজার ব্যাঙ্ক অফিস, ক্লার্ক পিওন ATM Guard বেতন 14,700/- 65,900/- PF, ESI বোনাস। M: 81546-21754.

□

এলাকা ভিত্তিক খাবার প্যাকিং-এ বেতন 8-12K ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে যাত্রীদের খাবার প্যাকিং-এ 14-18k বেতনে ৮ ঘন্টা স্থায়ী কাজ ছেলে/মেয়ে চাই। 82740-74662.

□

Required Marketing executive with experience in medical field for a reputed Center in Howrah call: 99038-70920 or email cv-joy@pulsediagnostics.co.in

□

Urgent Required Accountant and Cashier (Experienced in Tally ERP-9 & Microsoft Office) for a leading PP Bag manufacturing company. Experienced candidates Email CV to: harionkarpolymart@gmail.com

□

টেলিকম. 4G কোং SMS/জব পুরুষ/মহিলা ঘরে বসে রোজগার 18,000-45,000/- মাসে ল্যাপটপ/মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS: 98317-71154 98317-72379.

□

### কর্মখালি

Required Graduate Accountant for Chandannagar Office. Contact at: recruitinfo40@gmail.com

□

নতুন বছরে সম্মানীয় পদে গভঃ-Retd/VRS-দের জন্য Manager-পদে অফিস জব। Age: 50-64 HS+. আয় 20K-50K Retd-দের বিশেষ সুযোগ Mrs মুখার্জি: 62901-77413.

□

Female Sales Exec Reqd with Computer Knowledge & Social Media Mktg for a Garment Store Opp South City Mall. rajanighose18@gmail.com

□

হাসি মুখে আসুন আমাদের সাথে বসুন। বাড়িতে বসেই অবসরকালীন সময়ে এক-দু'ঘন্টা কাজ করে ভালো আয় করুন সঙ্গে বিদেশভ্রমণ এবং আনন্দে থাকুন 90389-78983.

□

Urgently required an accountant who has full knowledge of preparing and finalizing of account, Tally ERP 9, Excel, Corporate client dealing, GST, TDS, PTax, call: 98302-70532.

□

দিল্লি/মুম্বইতে আয়া পেসেন্ট/বেবি কেয়ার, জাপা, বাড়ির কাজে মহিলা, চাই। 15K-25K, জয়া সেন্টার। 70114-56402, 93301-59570, 78275-52870, 72919-85085.

□

**Physics, Biology ও Chemistry Editor চাই**

বইয়ের সম্পাদনার জন্য Physics, Biology ও Chemistry Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheet email করুন: rayandmartineditor@gmail.com-এ। 6C, রমানাথ মজুমদার স্ট্রিট, কল-9. যে সকল Candidate ইতিপূর্বে apply করেছেন, তারা চাইলে পুনরায় apply করতে পারেন।

□

Required Male & Female Office Assistant, Accountant, Mrkt. Executive, Age limit 25-40 yrs. at Dalhousie Area. Call Ph.: 62902-51959.

□

Wanted exp. Accountants, Product Supervisors Secretary for 30 yrs old leather gloves export house. apply on: jobs@smexports.com

□

Needed experienced operator for batch coding machine video jet machine. Phone: 98305-17306.

□

6 মাসে ইন্টিরিয়র (CAD/MAX/VRAY) গ্রাফিক্স, জুয়েলারি ডিজাইন, 2D & 3D Animation শিখে নিশ্চিত কাজের সুযোগ, AHT (বালি/চাঁদনি/বেহালা/ঝাড়গ্রাম) 92315-06999.

□

Pvt ব্রিটানিয়া আশীর্বাদ Pepsi কমফুল DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 30 male/female নিয়োগ। ESI PF OT বেতন: 13k-40k. 89614-99989.

□

MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা, ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থার্মকল, চিপস্ কোম্পানিতে 40 জন male/female চাই। PF ESI OT বেতন 13k-45k. 70446-88993.

□

Work with 125 years Old Reputed Co. for Managerial job Salary+ PF+Gratuity, Suitable for Retd/VRS/Housewife. Ltd vacancy 79804-40943.

□

### কর্মখালি

ব্যাঙ্ক DSA-তে চাকুরি বিনা ডোনেশানে। S.V, ক্লার্ক পিওন ম্যানেজার পদে কর্মী নিয়োগ। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 14K-60K. PF, ESI বোনাস। M: 94324-21056.

□

কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে ও ব্যাঙ্ক DSA-তে স্থায়ী জব, যোগ্যতা ৮ম- স্নাতক, বেতন 17,800 - 48,900 উর্দ্ধে। Male/Female নিয়োগ চলছে। M: 90733-83521.

□

অত্যাধুনিক আবাসিক হোটেলের জন্য সৎ, উদ্যমী, কর্মঠ, স্মার্ট, পিছুটানহীন, কম্পিউটার এ কাজ জানা, 7-8 বছরের অভিজ্ঞতা সম্পন্ন ম্যানেজার এর প্রয়োজন। যোগাযোগ: 85849-92575.

□

Retired/ VRS/ Govt/ PSU-দের সম্মানের সঙ্গে কাজের সুযোগ বিখ্যাত Finance Co-তে। Age: 35-65 yrs, Graduate. কলি অফিস। যোগাযোগ: 90517-07815.

□

আমাদের কোম্পানিতে Copper Casting in Induction Furnace কাজে দক্ষ ও পটু তামার ঢালাইয়ের কারিগরের প্রয়োজন স্থান: কলকাতা। যোগাযোগ: 86977-13338.

□

Want Hindi Teachers for I-IV. HPMI, Affiliated Eng Med School, Tegha-ria, Kol-157, Send CV: hpmi.188@gmail.com M: 76880-48887.

□

Needs Marketing Excecutive (Female) PRO, CT/MRI, Pathology Technician, Nurse/Aya for Diagnostic Centre. Mail: medlogyservices16@gmail.com

□

Vacancy for Female Telecaller of Matrimonial job at Halisahar North 24 Pgs, interested candidate may call 74310-10968, direct company no consultancy. Salary 8K-15K.

□

Books.Com/ বাড়ি বসে হাতে লিখে/ Comp টাইপ করে/ হাতে ফর্ম ফিলাপ করে প্রতি সপ্তাহে 6,000/ মাসে 30,000 গ্যারান্টি আয় করুন। 85840-78118, 89024-48939.

□

### কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- – 22,500/-), M: 83483-31196.

□

**Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং**

গভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

□

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব**
**Govt. Reg. No-6987**

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**

W.B L/C No. Kol-50W85, পঃবাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 18,500/- – 34,700/-, ছুটি, বোনাস, ESI, PF. এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help: 86974-10492.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

পঃবঃ প্রতিটি জেলায় 4G ও 5G টাওয়ার Co.-তে সুপারভাইজার, Peon, CCTV অপারেটর ATM গার্ড পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- – 19,500/-. M:82760-13573.

□

### কর্মখালি

**জাহাজ ও ডকে চাকরি**

W.B Kol L/C No. WBKol-70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary: 21,750/- – 56,500/-, থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF. এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with Salary, পোস্টিং এরিয়া পঃ বাংলার বিভিন্ন প্রান্তে। Help: 98740-42120.

□

**শীঘ্র নিয়োগ**

অজন্তা বিস্কুট, মেডিসিন চিপস জল Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রী। বেতন: 12,000/- – 18,000/-, Mob: 83709-52035.

□

**ফোন করলেই চাকরি**

Govt. R-No.- 5783 বিনা ডোনেশনে Airport ও Bank (DSA)-তে অষ্টম /স্নাতক M/F 278 জন কর্মী নিচ্ছে। বেতন: 17,400/- – 42,900/-, থাকা খাওয়া ফ্রী। Ex-আর্মি বিশেষ সুবিধা। M: 97337-51641.

□

**এয়ারপোর্ট ও মেট্রোতে স্থায়ী জব**

KOL-L/C No.-KOWB-CK079 এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে পঃবাংলার 23টি জেলায় M/F-দের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে নিয়োগ করানো হচ্ছে। Age: 18-42, Salary: 14,700/- - 28,500/-, থাকা খাওয়া-সহ ছুটি বোনাস ESI, PF. এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। কর্মপ্রার্থীরা অতি শীঘ্রই যোগাযোগ করুন। IPSITA, HELP: 98368-13364.

□

### কর্মখালি

**স্থায়ী ৮ ঘন্টা**

এয়ারপোর্টে যাত্রীদের খাবার প্যাকিং-এ কর্মী চাই। বেতন: 14K-22K, থাকা খাওয়া ফ্রী। M: 94329-63240.

□

**পঃবঙ্গ ও উঃবঙ্গে প্রতিটি জেলায় পার্মানেন্ট চাকরি**

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে M/F অষ্টম/ স্নাতক 265 জন কর্মী নিয়োগ। বেতন: 17,400/- - 47,900/-, থাকা খাওয়া ফ্রী। M: 95934-62948.

### স্কুল-কলেজ শিক্ষা

**GNM নার্সিং ট্রেনিং - 3 Yrs.**
**ANM নার্সিং ট্রেনিং - 2 Yrs.**

Approved by INC & KNC (GNM) BSS Govt. Of India (ANM), Internship করে নাম করা নার্সিং হোম ও হসপিটালে কাজ করার সুনিশ্চিত সুবিধা। Hostel Available. Global Trchnical Institute, বেলেঘাটা, ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৫ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৬ জানুয়ারি কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.** assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

# সেবি-তে ১২০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

প্রথম পাতার পর

অথবা, আইনে বা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্ট্যান্সি বা কোম্পানি সেক্রেটারিশিপ বা চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট কোর্স পাশ। **লিগাল**: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক। **ইনফর্মেশন টেকনোলজি**: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স— এর মধ্যে যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। অথবা, কম্পিউটার অ্যাপ্লিকেশনসে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা, যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজিতে অন্তত ২ বছর মেয়াদের স্নাতকোত্তর যোগ্যতা। **রিসার্চ**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: স্ট্যাটিস্টিক্স, ইকনমিক্স, কমার্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), ইকনোমেট্রিক্স— এর মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। **অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ**: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃত বা ইংলিশ বা ইকনমিক্স বা কমার্সে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স**: ৩১-১২-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ২৮,১৫০-৫৫,৬০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগসুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দেশের বড় শহরগুলিতে। প্রথম পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে ২টি পেপারে। উভয় পেপারেই মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পেপার ওয়ানে প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল অ্যাওয়্যারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং। পেপার টুয়ে জেনারেল শাখার ক্ষেত্রে প্রশ্ন হবে এই সব বিষয়ে: কমার্স, অ্যাকাউন্টেন্সি, ম্যানেজমেন্ট, ফিনান্স, কস্টিং, কোম্পানিজ অ্যাক্ট এবং ইকনমিক্স। রিসার্চ শাখার ক্ষেত্রে প্রশ্ন হবে ইকনমিক্স, ইকনোমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স ও কমার্স বিষয়ে। অন্যান্য বাকি শাখার ক্ষেত্রে প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। প্রথম পর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ হলে দ্বিতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষায় বসার সুযোগ পাওয়া যাবে। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা নেওয়া হবে ২টি পত্রে। পেপার-ওয়ানে নেওয়া হবে ডেসক্রিপটিভ ইংলিশ টেস্ট। পেপার-টুয়ে জেনারেল শাখার ক্ষেত্রে থাকবে কমার্স, অ্যাকাউন্টেন্সি, ম্যানেজমেন্ট, ফিনান্স, কস্টিং, কম্পানিজ অ্যাক্ট ও ইকনমিক্স বিষয়ে। ইনফর্মেশন টেকনোলজি শাখার ক্ষেত্রে থাকবে কোডিং টেস্ট। রিসার্চ শাখার ক্ষেত্রে প্রশ্ন হবে ইকনমিক্স, ইকনমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স এবং কমার্স বিষয়ে। অন্যান্য শাখার ক্ষেত্রে প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। এর পর ইন্টারভিউ।

প্রথম পর্যায়ের পরীক্ষা ২০ ফেব্রুয়ারি।

তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেবে সেবি। পশ্চিমবঙ্গের প্রশিক্ষণকেন্দ্র কলকাতা, আসানসোল, শিলিগুড়ি ও কল্যাণী। প্রশিক্ষণ নিতে আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.sebi.gov.in.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sebi.gov.in দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ২৪ জানুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও নির্দিষ্ট বয়ানে ইংরেজিতে প্রার্থীর নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা আই এম পি এস বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে চাকরি

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকে ৬৫ জন কর্মী নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, ইকনমিক অফিসার, লেকচারার, কেমিস্ট ও জুনিয়র মাইনিং জিওলজিস্ট পদে। নিয়ম ও পদ অনুসারে প্রবেশন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2022.

**শূন্যপদের বিন্যাস: ভ্যাকেন্সি নম্বর ২২০১০১০২৪০৮: অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর** (কস্ট): শূন্যপদ ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা কস্ট অ্যাকাউন্ট্যান্সি পাশ করে থাকতে হবে। স্নাতক ডিগ্রি এবং কস্ট অ্যাকাউন্টিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকের এক্সপেন্ডিচার বিভাগের চিফ অ্যাডভাইসার কস্টের অফিসে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০১০১০৩৪০৮: ইকনমিক অফিসার:** শূন্যপদ ৪টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইকনমিক্স বা অ্যাপ্লায়েড ইকনমিক্স বা বিজনেস ইকনমিক্স বা ইকনোমেট্রিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইকনমিক ইনভেস্টিগেশন বা রিসার্চে ২ বছরের অভিজ্ঞতা। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে অর্থ মন্ত্রকের ইকনমিক অ্যাফেয়ার্স বিভাগে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০১০১০৬১০৮: লেকচারার (অকুপেশনাল থেরাপি):** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** অকুপেশনাল থেরাপিতে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ২ বছরের পড়ানোর অভিজ্ঞতা বা সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশনে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০১০১০৮২০৮: কেমিস্ট:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে কেমিক্যাল অ্যানালিসিসের কাজে ৩ বছরের অভিজ্ঞতা। কেমিস্ট্রিতে ডক্টরেট থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে খনি মন্ত্রকের ইন্ডিয়ান ব্যুরো অব মাইনসে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০১০১০৯২০৮: জুনিয়র মাইনিং জিওলজিস্ট:** শূন্যপদ ৩৬টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** অ্যাপ্লায়েড জিওলজি বা জিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ভূতাত্ত্বিক মূল্যায়নের কাজে অথবা সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা বা পড়ানোর ৩ বছরের অভিজ্ঞতা। জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেম এবং রিমোট সেন্সিং অ্যাপ্লিকেশন বিষয়ে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে খনি মন্ত্রকের ইন্ডিয়ান ব্যুরো অব মাইনসে।

সব ক্ষেত্রেই ২৭-১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

**অনলাইন** দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: **www.upsconline.nic.in** অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় নগদে ফি জমা দিতে পারেন।

দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ২৮ জানুয়ারি। প্রিন্ট আউটটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

# উত্তর দিনাজপুরে ২২৬ আশাকর্মী

*প্রথম পাতার পর*

কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আই কার্ড বা রেশন কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓বিবাহিত মহিলাদের ক্ষেত্রে ম্যারেজ সার্টিফিকেট, বিবাহবিচ্ছিন্নাদের ক্ষেত্রে ডিভোর্স ডিক্রি এবং বিধবাদের ক্ষেত্রে স্বামীর ডেথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓স্বনির্ভর গোষ্ঠীর সদস্যপত্র বা প্রশিক্ষণপ্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার হিসেবে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন "APPLICATION FOR THE POST OF ASHA". প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ৩১ জানুয়ারির মধ্যে সরাসরি জমা দিতে হবে বি ডি ও অফিসে রাখা ড্রপবক্সে। এছাড়াও দরখাস্ত পাঠাতে পারেন স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে। খামের উপর লিখবেন, "To The Member Secretary, ASHA Selection Committee, Office of the Block Development Officer, ________ Block, P.O. ________, Dist. Uttar Dinajpur, West Bengal, PIN ________."

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ৩১০ জুনিয়র ইঞ্জিনিয়ার

জুনিয়র ইঞ্জিনিয়ার/সেকশন অফিসার পদে ৬৯১ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লি জল বোর্ড, এগ্রিকালচারাল মার্কেটিং বোর্ড, মিউনিসিপ্যাল কর্পোরেশন-সহ বিভিন্ন বিভাগ ও অফিসে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৩১০টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/22 এবং 02/22.

শূন্যপদের বিবরণ: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** পোস্ট কোড 801/22: শূন্যপদ: ২৭০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** পোস্ট কোড 802/22: শূন্যপদ: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

নিয়োগ হবে উত্তর, দক্ষিণ ও পূর্ব দিল্লি পুরসভা, দিল্লি এগ্রিকালচারাল মার্কেটিং বোর্ড, দিল্লি জল বোর্ড, দিল্লি আর্বান শেল্টার ইমপ্রুভমেন্ট বোর্ড, দিল্লি ট্রান্সকো লিমিটেড, দিল্লি স্টেট ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন, ইরিগেশন অ্যান্ড ফ্লাড কন্ট্রোল বিভাগ, নিউ দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিল এবং দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশনে।

বেতনক্রম: ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। কেবল দিল্লি ট্রান্সকো লিমিটেড ও নিউ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিয়োগের ক্ষেত্রে ১০,৯০০-৩৪,৮০০ টাকা। সিভিল শাখার ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সব ক্ষেত্রেই সঙ্গে গ্রেড পে সংস্থা ভেদে ৪,২০০ থেকে ৪,৮০০ টাকা। ৯-২-২০২২ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের পরীক্ষার (টিয়ার-১ ও টিয়ার-টু) মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। নেগেটিভ মার্কিং আছে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইট-টিও: **http://dsssb.delhi.gov.in**

# রাজ্যের বিভিন্ন কো-অপারেটিভ ব্যাঙ্ক ও সোসাইটিতে চাকরি

লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট, অফিস অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ৩৪ জনকে নেওয়া হবে রাজ্যের বিভিন্ন কো-অপারেটিভ ব্যাঙ্ক ও সোসাইটিতে। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/2021.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ২১৫০০১: লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট:** ১১টি। নিয়োগ করা হবে কলকাতা পুলিশ কো-অপারেটিভ ব্যাঙ্কে। শুরুতে বেতন: ২৬,৬০৫ টাকা।

**পোস্ট কোড ২১৫০০২: অ্যাসিস্ট্যান্ট গ্রেড-থ্রি:** ৬টি। নিয়োগ করা হবে দুর্গাপুর পিপলস কো-অপারেটিভ ব্যাঙ্কে। শুরুতে বেতন: ২৯,৫৪৪ টাকা।

**ফিল্ড সুপারভাইজর/অফিস অ্যাসিস্ট্যান্ট গ্রেড-থ্রি:** ২টি। নিয়োগ করা হবে বর্ধমান কো-অপারেটিভ এগ্রিকালচার রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কে। বেতন: প্রথম ৩ বছর প্রতি মাসে ২০,০০০ টাকা। এরপর বেতন ২৬,৯৭১ টাকা।

**অফিস অ্যাসিস্ট্যান্ট:** ৩টি। নিয়োগ করা হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি (তন্তুজ)-তে। শুরুতে বেতন: ২৬,৬০৫ টাকা।

**মার্কেটিং প্রোকিওরমেন্ট অ্যাসিস্ট্যান্ট:** ২টি। নিয়োগ করা হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি (তন্তুজ)-তে। শুরুতে বেতন: ২৬,৬০৫ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ২টি। নিয়োগ করা হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি (তন্তুজ)-তে। বেতন: ২৬,৬০৫ টাকা।

**কম্পিউটার/ক্যাশ ক্লার্ক:** ২টি। নিয়োগ করা হবে নবগ্রাম পিপলস কো-অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্কে। শুরুতে বেতন: ২৫,৭৬০ টাকা।

**গ্রেড থ্রি:** ৩টি। নিয়োগ করা হবে বাঁকুড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক। শুরুতে বেতন: ২৫,৭২৯ টাকা।

**সুপারভাইজর:** ৩টি। নিয়োগ করা হবে আরামবাগ কো-অপারেটিভ এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কে। শুরুতে বেতন: ১৬,৪০০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর ও অনার্স-সহ বি কম, সঙ্গে বেসিক কম্পিউটার জ্ঞান থাকতে হবে। এম সি এ পাশ প্রার্থীদের অগ্রাধিকার। বাকি পদগুলির ক্ষেত্রে স্নাতক, সঙ্গে বেসিক কম্পিউটার জ্ঞান থাকতে হবে। সুপারভাইজর পদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি টু-হুইলার চালাতে জানতে হবে।

**বয়স:** ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webcsc.org দরখাস্তের শেষ তারিখ ২১ জানুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৬৫০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সমাজসেবার ডিপ্লোমা কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** সমাজসেবায় ছয় মাসের ডিপ্লোমা (ডি এস ডব্লু) কোর্সে ভর্তি নিচ্ছে বঙ্গীয় জাতীয় শিক্ষা পরিষদ, স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস। পড়ানো হবে বাংলায়।

মাধ্যমিক পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে। সপ্তাহে দু'দিন ক্লাস, শনি ও রবিবার, দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত। কোর্স ফি ২,০০০ টাকা। ১০ টাকার বিনিময়ে ভর্তির ফর্ম পাওয়া যাচ্ছে পরিষদের অফিসে (বেঙ্গল ল্যাম্প বাস স্টপ, যাদবপুর) সোম থেকে শনিবার, প্রতিদিন বেলা ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, পূরণ করা ফর্ম জমা দেওয়ার সময় ইন্টারভিউয়ের তারিখ জানিয়ে দেওয়া হবে।

আগ্রহীরা প্রয়োজনে যোগাযোগ করতে পারেন পরিষদের অফিসে এই ফোন নম্বরে: ২৪১৪-৬২৮২।

# এন এইচ পি সি-তে ট্রেনি

*প্রথম পাতার পর*

**মেকানিক্যাল:** শূন্যপদ ২০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) মেকানিক্যাল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা এ এম আই ই। প্রোডাকশন, থার্মাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন শাখায় ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেইসঙ্গে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই) বিষয়ে গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ৪টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) ইলেক্ট্রিক্যাল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা এ এম আই ই। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেইসঙ্গে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই) বিষয়ে গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**ট্রেনি অফিসার: ফিনান্স:** শূন্যপদ ১২টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১০)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সি এ বা আই সি ডব্লু এ বা সি এম এ।

সরকারি নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-১২-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে গেট পরীক্ষা এবং ট্রেনি অফিসার পদের ক্ষেত্রে সি এ বা আই সি ডব্লু এ বা সি এম এ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nhpcindia.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জেপেগ ফর্ম্যাটে ২৫ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জেপেগ ফর্ম্যাটে ১৫ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), বয়সের প্রমাণপত্র, যাবতীয় প্রয়োজনীয় মার্কশিট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট বা আর্থিক অনগ্রসরতার সার্টিফিকেট (প্রতিটি পি ডি এফ ফর্ম্যাটে ১০০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২৯৫ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**ST. JOHN'S DIOCESAN GIRLS' HIGHER SECONDARY SCHOOL**

**REQUIRES**

A trained post graduate in Psychology. Candidates applying should have minimum 5 years teaching experience in the Higher Secondary department.
Only lady candidates should apply for the post.
Candidates must send their application alongwith self attested photocopies of their certificate/testimonials and a passport size photo by post to **Secretary St. John's Diocesan Girls' H.S. School, 17, Sarat Bose Road, Kolkata-700020. email : johnsdiocesan@gmail.com** within 10 days with effect from **9th January, 2022.**

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ ডিসেম্বর-২১ ডিসেম্বর

**১৪ ডিসেম্বর** উত্তরপ্রদেশের লখিমপুর খেরিতে ঘটে যাওয়া ঘটনা কৃষকদের খুন করার জন্য পরিকল্পিত ভাবে ঘটানো হয়েছিল বলে আদালতে জানিয়ে দিল সে রাজ্যেরই বিশেষ তদন্তকারী দল (সিট)। ওই ঘটনার তদন্তকারী অফিসার বিদ্যারাম দিনকর তাঁর রিপোর্টে জানিয়েছেন, এটা কোনও দুর্ঘটনা বা গাফিলতি নয়। আগে থেকেই পরিকল্পনা করে এটি ঘটানো হয়েছে। তাই এই মামলায় অনিচ্ছাকৃত মৃত্যুর ধারা বাতিল করে খুনের চেষ্টার ধারা যোগ করার অনুমতি চেয়েছেন তিনি। সিট-এর এই রিপোর্টের পর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের পদত্যাগ দাবি করেছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী বলেছেন, 'মোদীজির আবার ক্ষমা চাওয়ার সময় এসে গিয়েছে। কিন্তু তার আগে অভিযুক্তের বাবাকে মন্ত্রীপদ থেকে সরিয়ে দিন। সত্যটা সামনে আসুক।'

**রাজ্যসভায় পাশ হয়ে গেল সিবিআই কর্তার কার্যকালের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত বিল।** এতদিন সিবিআই প্রধানের মেয়াদ ছিল দু'বছরের। এবার তা আইনত বেড়ে হল পাঁচ বছর। ফলে বর্তমান সিবিআই ডিরেক্টর সুবোধকুমার জয়সওয়াল মেয়াদ শেষেও দায়িত্বে থাকতে পারবেন। এদিন সংসদের উচ্চকক্ষে বিল পেশ করেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। কেন্দ্রীয় সংস্থার প্রধানের মেয়াদ বৃদ্ধির বিল ধ্বনিভোটে পাশ হয়ে যায় রাজ্যসভায়। যদিও তার আগেই ১২ জন সাংসদের সাসপেনশনের প্রতিবাদে বিরোধী সাংসদরা ওয়াকআউট করেন।

## কলকাতা পুরভোটে জিতল তৃণমূল




**২১ ডিসেম্বর:** কলকাতা পুরভোটে বিপুল জয় পেল তৃণমূল কংগ্রেস। ১৪৪টি ওয়ার্ডের মধ্যে একক ভাবে ১৩৪টি অর্থাৎ ৯০ শতাংশের বেশি ওয়ার্ড জিতে নতুন রেকর্ড গড়ল তৃণমূল। প্রাপ্ত ভোট শতাংশের নিরিখেও অতীতের সব রেকর্ড ভেঙে তৃণমূল ৭২ শতাংশ ভোট পেয়েছে। ২০১৫ সালে নিজেদের গড়া রেকর্ড (৫০.৮৪ শতাংশ) ভেঙে পুরসভা ফের দখল করল তৃণমূল। প্রাপ্ত আসনের বিচারে তৃণমূলের পরেই বিজেপি ৩টি, বামফ্রন্ট ২টি, কংগ্রেস ২টি ও অন্যান্যরা ৩টি আসন পেয়েছে।



" শীঘ্রই ডেল্টাকে হটিয়ে ওমিক্রনই হয়তো প্রধান ভ্যারিয়েন্ট হয়ে দাঁড়াবে। তবে সেই ওয়েভ তিন মাসের বেশি স্থায়ী হবে না। অতিমারী হোক বা মহামারী— কোনওটাই চিরকাল থাকে না। পরস্পরের প্রতি সহমর্মিতা দেখিয়ে যথাযথ কোভিড-বিধি পালনই আমাদের একমাত্র কাজ। "

**বিল গেটস,** *মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা*
ওমিক্রন-গ্রস্ত পশ্চিমি দুনিয়াকে সতর্কবার্তা শুনিয়ে

## রাওয়াতের দায়িত্ব পেলেন নরাভানে



**১৬ ডিসেম্বর:** দেশের প্রথম সেনা সর্বাধিনায়ক (সিডিসি) বিপিন রাওয়াতের মৃত্যুর পর তাঁর উত্তরসূরি বাছাই না হওয়া পর্যন্ত ভারতের সেনাপ্রধান জেনারেল এম এম নারাভানেকে দ্য চিফস অব স্টাফ কমিটির চেয়ারম্যান নিযুক্ত করা হল। সিডিসি পদসৃষ্টির আগে পর্যন্ত পদাতিক, নৌ-সেনা এবং বায়ুসেনা— এই তিন বিভাগের প্রধানের মধ্যে যিনি প্রবীণ, তিনিই চেয়ারম্যান পদটি পেতেন। সেই পুরনো নিয়ম মেনেই দায়িত্ব পেলেন নারাভানে। নতুন সিডিএস নিয়োগ না হওয়া পর্যন্ত অস্থায়ী ভাবে নারাভানেই দায়িত্বে থাকবেন।

**১৫ ডিসেম্বর** কুন্নুরের কপ্টার দুর্ঘটনা থেকে কোনওক্রমে বেঁচে ফেরা গ্রুপ ক্যাপ্টেন বরুণ সিং হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেলেন। তামিলনাড়ুর কুন্নুরের সেই দুর্ঘটনা প্রাণ কেড়েছিল সেনা সর্বাধিনায়ক জেনারেল বিপিন রাওয়াত সহ ১৩ জনের। গ্রুপ ক্যাপ্টেন বরুণ সিং কোনওক্রমে রক্ষা পেলেও আটদিন লড়াই শেষে এদিন বেঙ্গালুরুর মিলিটারি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। শোকপ্রকাশ করে বরুণের পরিবারের পাশে থাকার বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

**ইউনেস্কোর বিশ্ব হেরিটেজ তালিকায় উঠল কলকাতার দুর্গাপুজোর নাম।** প্যারিসে ১৬তম ইন্টারগভর্নমেন্টাল কমিটির অধিবেশনের তৃতীয় দিনে কলকাতার দুর্গাপুজোকে আবহমান ঐতিহ্যবাহী উৎসবের তকমা দিয়ে সামাজিক মেলবন্ধন ও শিল্পসৃষ্টির আদর্শ ক্ষেত্র হিসেবে স্বীকৃতি দিল ইউনেস্কো। এই স্বীকৃতির জন্য ৪৮টি নমিনেশন পড়েছিল বিচারকদের সামনে। তার মধ্যে থেকে কলকাতার দুর্গোৎসবকেই নির্বাচন করেছেন ছ' সদস্যের বিচারকমণ্ডলী। এর আগে বিশ্বে শুধুমাত্র দক্ষিণ আমেরিকা ও ইউরোপের তিনটি ঐতিহ্যবাহী উৎসব ইউনেস্কোর হেরিটেজ স্বীকৃতি পেয়েছে।

## কোভোভ্যাক্স হু-এর ছাড়পত্র পেল




**১৭ ডিসেম্বর:** ভ্যাকসিন উৎপাদনে সিরামের তৈরি কোভোভ্যাক্সকে ছাড়পত্র দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। জরুরিকালীন ব্যবহারের জন্য হু ছাড়পত্র দিয়েছে এই ভ্যাকসিনকে। টুইট করে এই খবর জানিয়েছেন সিরামের কর্ণধার আদর পুনাওয়ালা। আমেরিকায় তৈরি করোনার প্রতিষেধক নোভাভ্যাক্সকে 'কোভোভ্যাক্স' নামে ভারতে উৎপাদনের দায়িত্ব পেয়েছিল সিরাম। এদিন এক বিবৃতিতে হু-এর পক্ষ থেকে বলা হয় 'কোভোভ্যাক্স' সংক্রান্ত সমস্ত নথি ভালো ভাবে পরীক্ষা করার পর বিশেষজ্ঞরা নিশ্চিত হয়েছেন যে করোনার প্রতিষেধক হিসেবে এই ভ্যাকসিনটি যথেষ্ট কার্যকর।'

## চিলির নতুন প্রেসিডেন্ট গ্যাব্রিয়েল বরিক



**২০ ডিসেম্বর:** মাত্র ৩৫ বছর বয়সে চিলির প্রেসিডেন্ট নির্বাচিত হলেন গ্যাব্রিয়েল বরিক। প্রাক্তন এই বামপন্থী ছাত্র নেতা চিলিতে ইতিহাস সৃষ্টি করলেন। সবচেয়ে কম বয়সি প্রেসিডেন্ট হিসেবে নির্বাচনে জয়লাভ করেছেন এই বামপন্থী নেতা। বরিকের এই জয়ের মাধ্যমে লাতিন আমেরিকার এই দেশটিতে প্রগতিশীল বামপন্থীদের উত্থান হল বলে মনে করছেন বিশেষজ্ঞরা। নির্বাচনে প্রায় ৫৬ শতাংশ ভোট পেয়েছেন বরিক। আর প্রতিদ্বন্দ্বী কট্টর দক্ষিণপন্থী হোসে অ্যান্তোনিও কাস্ত পেয়েছেন ৪৪ শতাংশ। চিলির নির্বাচিত প্রেসিডেন্ট গ্যাব্রিয়েল বরিক বলেছেন, 'আমাদের সামনে বিশাল চ্যালেঞ্জ। গণতন্ত্র রক্ষা, ঐক্য প্রতিষ্ঠা আর জনগণের প্রয়োজনকে সবচেয়ে গুরুত্ব দেব।'

**১৬ ডিসেম্বর** মার্কিন বিদেশদপ্তরের নয়া রিপোর্টে পাকিস্তান সন্ত্রাসবাদ দমনে ব্যর্থ বলে জানানো হল। ২০২০ সালের নিরিখে বিভিন্ন দেশের সন্ত্রাস পরিস্থিতি নিয়ে মার্কিন রিপোর্টে বলা হয়েছে, ২০১৫ সালে সন্ত্রাস দমনের যে জাতীয় অ্যাকশন প্ল্যান পাকিস্তান নিয়েছিল তার প্রেক্ষিতে প্রায় কিছুই তারা করে উঠতে পারেনি। মুম্বই হামলার মূল চক্রী— জৈশ প্রধান মাসুদ আজহার এবং লস্করের সাজিদ মীরের বিরুদ্ধে কোনও ব্যবস্থাই নেয়নি তারা।

## শরৎকুমার মুখোপাধ্যায় প্রয়াত



**২১ ডিসেম্বর:** বাংলা সাহিত্যের বিশিষ্ট কবি শরৎকুমার মুখোপাধ্যায় (৯০) প্রয়াত হলেন। দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত অসুস্থতা ছিল তাঁর। স্ত্রী, কবি বিজয়া মুখোপাধ্যায়ও আগেই প্রয়াত হয়েছেন। প্রথম কাব্যগ্রন্থ 'সোনার হরিণ' পাঠকের নজর কেড়েছিল। ক্রমে বাংলা সাহিত্যে নিজের একটি জায়গাও করে নেন তিনি। পেশায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট হলেও কবিতার পাশাপাশি উপন্যাস এবং ছোটগল্পও লিখেছেন। প্রথম উপন্যাস 'সহবাস' দেশ পত্রিকায় প্রকাশিত হয়েছিল। নামী উপন্যাসগুলির মধ্যে আছে 'কথা ছিল', 'নাশপাতির গন্ধ' প্রমুখ। ২০০৯ সালে 'ঘুমের বড়ির মতো চাঁদ' কাব্যগ্রন্থের জন্য পেয়েছিলেন সাহিত্য আকাদেমি পুরস্কার।

**গোটা বিশ্বে ঋণের বোঝা আশি বছরে শীর্ষে পৌঁছেছে বলে জানাল আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার।** করোনা অতিমারীর ধাক্কা এবং গভীর আর্থিক মন্দার কারণে ২০২০ সালে বিশ্বে ঋণের পরিমাণ রেকর্ড মাত্রা ছুঁয়ে ২২৬ লক্ষ কোটি ডলার হয়েছে। আন্তর্জাতিক অর্থভাণ্ডার এদিন এই ঘোষণা করেছে। সংস্থার ফিস্কাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের ডিরেক্টর ভিক্টর গ্যাসপার এক বার্তায় জানিয়েছেন, গত বছর গোটা বিশ্বের মোট ঋণের পরিমাণ মোট জাতীয় উৎপাদনের থেকে ২৮ শতাংশ বেড়ে ২৫৬ শতাংশে হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এই প্রথম এক বছরে ঋণের পরিমাণ এতটা বেড়েছে।

**১৭ ডিসেম্বর** তামিলনাড়ু সরকার রাজ্যের জন্য 'অ্যান্থেম' ঘোষণা করল। 'তামিল থাই ভারথু' নামের ওই গানটি এবার থেকে সমস্ত সরকারি অনুষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে গাওয়া বাধ্যতামূলক। এ রকমই ঘোষণা করেছে সে রাজ্যের প্রশাসন। রাজ্যের মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন প্রকাশিত নির্দেশিকায় জানানো হয়েছে স্কুল, কলেজ বিশ্ববিদ্যালয় ও সরকারি প্রতিষ্ঠানে ওই গান গাওয়া কিংবা বাজানো বাধ্যতামূলক।

**১৮ ডিসেম্বর** করাচি শহরের একটি বহুতলে ভয়াবহ বিস্ফোরণে অন্তত ১৬ জনের মৃত্যু হল। আহত কমপক্ষে ২০ জন। সংবাদমাধ্যমে প্রকাশ, শেরশাহ পারাচা চক এলাকার এক বহুতলে বিস্ফোরণ ঘটে। বহুদিন সংস্কার না হওয়া বহুতলের নালায় জমে থাকা বিষাক্ত গ্যাস পুঞ্জীভূত হয়েই বিস্ফোরণ ঘটে বলে বিশেষজ্ঞদের মত। নাশকতার কোনও সূত্র পাওয়া যায়নি বলে পুলিশ দাবি করেছে।

**বিশিষ্ট সমাজবিজ্ঞানী ও আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অধ্যাপক জয়ন্তকুমার রায় (৮৮) প্রয়াত হলেন।** বাংলা তথা ভারতের ইতিহাস, আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় অধ্যাপক রায়ের ভূমিকা ছিল উজ্জ্বল। ১৯৬৮ সালে তাঁর শুরুর দিকের কাজগুলির অন্যতম ছিল তৎকালীন পূর্ব পাকিস্তানের উপর লেখা একটি বই 'ডেমোক্র্যাসি অ্যান্ড ন্যাশনালিজম অন ট্রায়াল, আ স্টাডি অব ইস্ট পাকিস্তান' রাজনৈতিক ও শিক্ষা শিবিরে আলোড়ন ফেলে দেয়। মুক্তিযুদ্ধ শুরু হওয়ার অনেক আগেই এই বইয়ের মাধ্যমে বিশ্ববাসীর কাছে অধ্যাপক রায় পাকিস্তানের পূর্বপ্রান্তের প্রতি সে দেশের শাসকদের ঔপনিবেশিক ও বিমাতৃসুলভ আচরণের কথা তুলে ধরেন। পরে ভারত সরকার তাঁকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের জাতীয় অধ্যাপক পদে নিয়োগ করে।

**১৯ ডিসেম্বর** কলকাতা পুরসভা নির্বাচনে ভোটের হার কিছুটা কমল। এবারে ভোট পড়ল ৬৩.৫৭%। গত পুরসভা নির্বাচনে ভোটদানের হার ছিল ৬৮.৫%। বিক্ষিপ্ত কয়েকটি ঘটনা, প্রার্থী ও এজেন্টকে নিগ্রহের কিছু অভিযোগ, একটি জায়গায় বোমাবাজিতে রক্তপাত ছাড়া মোটের উপর হিংসামুক্ত ভোট হয়েছে বলে খবর। যদিও বিরোধীরা ভোটে বেনজির সন্ত্রাসের অভিযোগ তুলেছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অবশ্য বলেন, 'শান্তিতে ভোট হয়েছে। মানুষ উৎসবের মেজাজে ভোট দিয়েছেন।'

## প্রাথমিক শিক্ষায় বড় সাফল্য বাংলার



**১৭ ডিসেম্বর:** দেশের বড় রাজ্যগুলির মধ্যে প্রাথমিক শিক্ষায় বাংলা প্রথম স্থান পেয়েছে বলে কেন্দ্রের রিপোর্টে জানা গেল। ফাউন্ডেশনাল লিটারেসি ইনডেক্স-এর সাম্প্রতিক সমীক্ষায় এই তথ্য উঠে এসেছে। তালিকার শেষে রয়েছে বিহার। ছোট রাজ্যগুলির মধ্যে সেরা হয়েছে বাম শাসিত কেরালা। প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান বিবেক দেবরায় এদিন এই তথ্য ঘোষণা করেছেন। বাংলার এই সাফল্য টুইট করে রাজ্যের শিক্ষক ও অভিভাবকদের ধন্যবাদ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

**২০ ডিসেম্বর** পানামা পেপার্সে নাম জড়ানোয় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-র জেরার মুখে পড়লেন অভিনেত্রী ঐশ্বর্য রাই। সংবাদসংস্থা জানিয়েছে, ১৯৯৯-এর বিদেশি মুদ্রা পরিচালনা আইনের (ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট বা ফেমা)-র আওতায় তলব করা হয়েছে তাঁকে। তাঁর বিরুদ্ধে অভিযোগ, ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডের এক সংস্থায় তিনি টাকা বিনিয়োগ করেছেন।

**আধার কার্ডের সঙ্গে ভোটার কার্ডের সংযুক্তিকরণ সংক্রান্ত নির্বাচনী আইন বিষয়ক সংশোধনী বিল পাশ করিয়ে নিল কেন্দ্র।** অভিযোগ উঠেছে বিরোধীদের বিস্তারিত বক্তব্য পেশের কোনও সুযোগ না-দিয়েই সরকার এটি পাশ করিয়েছে।

**২১ ডিসেম্বর** ভারত বিরোধী এই যুক্তিতে ২০টি ইউটিউব চ্যানেল ও দু'টি ওয়েবসাইট বন্ধ করে দিল কেন্দ্রীয় সরকার। ওই চ্যানেল ও ওয়েবসাইটগুলির বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ভারত বিরোধী ভুয়ো খবর ছড়ানোর অভিযোগ উঠেছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক সূত্রে জানানো হয়েছে ওই ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলগুলিতে সম্প্রচারিত তথ্য দেশের নিরাপত্তার পক্ষে বিপজ্জনক এবং তথ্যগত ভাবে ভুল।

## ক্রিপ্টোকারেন্সি নিয়ন্ত্রণের পক্ষে রায় দিলেন গীতা




**১৬ ডিসেম্বর:** ক্রিপ্টোকারেন্সির বাড়বাড়ন্ত ঠেকাতে তাকে নিষেধ না করে নিয়ন্ত্রণের পক্ষে রায় দিলেন আন্তর্জাতিক অর্থভাণ্ডারের মুখ্য অর্থনীতিবিদ গীতা গোপীনাথ। তিনি বলেছেন, ভারতের মতো উন্নয়নশীল অর্থনীতির উচিত ডিজিটাল কারেন্সি নিয়ন্ত্রণে নির্দিষ্ট পদক্ষেপ করে তার লেনদেন নিয়ন্ত্রণ করা। ন্যাশনাল কাউন্সিল অব অ্যাপ্লায়েড ইকোনমিক রিসার্চ-এর এক আলোচনা সভায় এভাবেই ক্রিপ্টোকারেন্সি নিয়ে আইএমএফ-এর অবস্থান স্পষ্ট করলেন গীতা। তিনি আরও দাবি করেন, সার্বিকভাবে আন্তর্জাতিক নীতি গৃহীত না হলে কোনও দেশের পক্ষে একক ভাবে সে দেশের মাটিতে ক্রিপ্টোকারেন্সি লেনদেন নিষিদ্ধ করার উদ্যোগে সাফল্য পাওয়া কঠিন।

# আর্মির স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা

*প্রথম পাতার পর*

সংশ্লিষ্ট বিষয়ে মোট ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড।

সোশ্যাল সায়েন্সের ক্ষেত্রে স্নাতকে অন্যতম একটি বিষয় হিসেবে ইতিহাস বা ভূগোল এবং সঙ্গে পলিটিক্যাল সায়েন্স ও ইকনমিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স ও স্ট্যাটিস্টিক্সের মধ্যে যে-কোনও ২টি বিষয় পড়ে থাকতে হবে।

কম্পিউটারের ক্ষেত্রে বি সি এ বা কম্পিউটার সায়েন্সে স্নাতক বা কম্পিউটার সায়েন্স বা আই টি-তে বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ডোয়েক এ লেভেল কোর্স পাশ।

ফিজিক্যাল এডুকেশনের ক্ষেত্রে ৪ বছরের বি পি এড ডিগ্রি। অথবা স্নাতক, সঙ্গে ১ বছরের বি পি এড ডিপ্লোমা। অথবা ফিজিক্যাল এডুকেশন, হেলথ এডুকেশন অ্যান্ড স্পোর্টসে বি এসসি, সঙ্গে ১ বছরের বি পি এড ডিপ্লোমা।

কম্পিউটার ও ফিজিক্যাল এডুকেশন বাদে অন্যান্য বিষয়ের ক্ষেত্রে ৪ বছর মেয়াদের বি এ বি এড বা বি এসসি বি এড পাশরাও আবেদন করতে পারেন।

**পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি):** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড।

পলিটিক্যাল সায়েন্সের ক্ষেত্রে পলিটিক্স বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা ইন্টারন্যাশনাল রিলেশনসে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স বা অপারেশনাল রিসার্চে স্নাতকোত্তর ডিগ্রি বা ম্যাথমেটিক্সে এম এসসি এডুকেশন, ফিজিক্সের ক্ষেত্রে ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি বা এম এসসি এডুকেশন, কেমিস্ট্রির ক্ষেত্রে কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ফার্মাসি কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি বা কেমিস্ট্রিতে এম এসসি এডুকেশন, বায়োলজির ক্ষেত্রে জুলজি (সঙ্গে অন্যতম বিষয় হিসেবে বটানি পড়ে থাকতে হবে) বা বটানি (সঙ্গে অন্যতম বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে) বা মাইক্রো বায়োলজি বা মলিকিউলার বায়োলজি বা এগ্রিকালচারাল বটানি বা জেনেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি (স্নাতকস্তরে বটানি বা জুলজি পড়ে থাকতে হবে) অথবা জুলজি বা বটানিতে এম এসসি এডুকেশন ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। বায়োটেকের ক্ষেত্রে বায়োটেকনোলজি বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। কম্পিউটার সায়েন্স ইনফর্মেটিক্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক অথবা এম সি এ অথবা আই টি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি। অথবা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি (স্নাতকস্তরে কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে) অথবা বি সি এ অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ডোয়েক বি লেভেল কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০২১ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫৭ বছরের মধ্যে হতে হবে। তাঁদের ক্ষেত্রে শেষ ১০ বছরের মধ্যে ৫ বছরের বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অনলাইন পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৯ ও ২০ ফেব্রুয়ারি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, দুর্গাপুর ও শিলিগুড়ি। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। তবে প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে কেবল প্রথম পত্রের উত্তর দিতে হবে। প্রথম পত্রের (৯০ নম্বর) পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে জেনারেল অ্যাওয়্যারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, কারেন্ট অ্যাফেয়ার্স (জাতীয় ও আন্তর্জাতিক), গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ঘটনাবলি এবং এডুকেশন-সংক্রান্ত বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। দ্বিতীয় পত্রে (৯০ নম্বর) অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ১০ ফেব্রুয়ারি থেকে ডাউনলোড করা যাবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://register.cbtexams.in/AWES/Registration/ প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ জানুয়ারি পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো এবং সই, বয়স, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে ৩৮৫ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.awesindia.com প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ৬২৬৮০-৩০৯৩৯, ৬২৬৮০-০৩২৬৪, ৬২৬৩১-৭৮৪১৪, ৬২৬৮০-৬২১২৯। অথবা মেল করতে পারেন এই ই-মেল আই ডি-তে: awesdesk@gmail.com.

# কারেন্সি নোট প্রেসে ১৪৬

বিভিন্ন পদে ১৪৬ জন কর্মী নেবে কারেন্সি নোট প্রেস। এটি কেন্দ্রীয় সরকারের সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অব ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। বিভিন্ন শাখায় নিয়োগ করা হবে জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট ও সুপারভাইজর পদে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর CNPN/HR/Rect./01/2021.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং/কন্ট্রোল):** শূন্যপদ ১০৪টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। **শিক্ষাগত যোগ্যতা:** প্রিন্টিং ট্রেড তথা লিথো অফসেট মেশিন মাইন্ডার, লেটার প্রেস মেশিন মাইন্ডার, অফসেট প্রিন্টিং, প্লেট মেকিং, ইলেক্ট্রোপ্লেটিংয়ে আই টি আই সার্টিফিকেট। অথবা প্লেট মেকার কাম ইম্পোজিটর বা হ্যান্ড কম্পোজিং ট্রেডে আই টি আই সার্টিফিকেট। সঙ্গে সব ক্ষেত্রেই এন সি ভি টি স্বীকৃত এক বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান (ওয়ার্কশপ): মেকানিক্যাল:** শূন্যপদ ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **এয়ার কন্ডিশনিং:** ২টি (সাধারণ)। **ইলেক্ট্রিক্যাল:** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রনিক্স:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট-সহ এন সি ভি টি স্বীকৃত এক বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

**সুপারভাইজর (টেকনিক্যাল-কন্ট্রোল):** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সুপারভাইজর (টেকনিক্যাল-অপারেশন-প্রিন্টিং):** শূন্যপদ ৫টি (তফসিলি জাতি ৩, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** প্রিন্টিং ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম শ্রেণিতে ডিপ্লোমা। প্রিন্টিং ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** ২৭,৬০০-৯৫,৯১০ টাকা।

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, ও বি সি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** ২১,৫৪০-৭৭,১৬০ টাকা।

সব ক্ষেত্রেই ২৫-১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স থাকতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন এক্সামিনেশনের মাধ্যমে। জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে অতিরিক্ত টাইপিং টেস্ট থাকবে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষা হবে ফেব্রুয়ারি-মার্চ মাসে।

সুপারভাইজর পদের ক্ষেত্রে প্রশ্ন হবে সংশ্লিষ্ট ট্রেড, জেনারেল অ্যাওয়্যারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, লজিক্যাল রিজনিং ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, লজিক্যাল রিজনিং ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। মোট নম্বর ১৬০। সময় ২ ঘণ্টা। জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে প্রশ্ন হবে জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল রিজনিং ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। মোট নম্বর ১২০। সময় ২ ঘণ্টা। সব ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cnpnashik.spmcil.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্ট এবং পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ADMISSIONS OPEN
MICA PGP (PGDM-C/PGDM)
MICAT 2 ADMISSION TEST FOR 2022-2024
APPLICATION LAST DATE
JAN 16, 2022
MICA PGP Offers Specializations in:
• Advertising & Brand Management
• Digital Communication Management
• Marketing Analytics
• Media & Entertainment Management
Admissions open for MICA's CCC and FPM programmes
MICA, Ahmedabad, India • admissions@micamail.in
T: +91 2717 688198 • M: 9099127399 • www.mica.ac.in
MICA THE SCHOOL OF IDEAS
WHERE MANAGEMENT MEETS CREATIVITY

PARAMEDICAL ADMISSION 2022
I.M.A AFFILIATED COURSES
• Diploma in Medical Laboratory Technology
• Diploma in Operation Theatre Technician
• Diploma in X-Ray Imaging Technology
Eligibility : H.S. Science or equivalent
Duration : 2 Years + 6 Months Internship
Well Equipped Lab, Library, Good Faculty.
NOD WITH MORE THAN 50 HOSPITALS
JOB ASSISTANCE
• Adv. GDA Critical Care (Nursing)
Under Healthcare Sector Skill Council - NSDC
Eligibility : 10th Pass, Duration : 1 Year
School of Medical Technology
(Premier and Prestigious Institute in India since 1992)
Affiliated by INDIAN MEDICAL ASSOCIATION
24 Girish Ch. Bose Road, Entally, SBI, 3rd Floor, Kolkata 14
Call : 033 2227 2310, +91 92315 20480
Admission Link : http://ssmtlivelihood.org.data

102 YEARS GEORGE TELEGRAPH
THE GEORGE TELEGRAPH TRAINING INSTITUTE
Recruitment Notice for 300+ Vacancies in all Districts of Bengal

| Post | Exp.(Min.) | Vacancy |
|---|---|---|
| • Centre Manager | 3 - 7 years | 30 |
| • Centre Manager (Animation) | 3 - 7 years | 02 |
| • Career Counsellor | 2 - 5 years | 30 |
| • Career Counsellor (Animation) | 2 - 5 years | 03 |
| • Marketing Exe. | 1 - 4 years | 30 |
| • Placement Officer | 1 - 4 years | 30 |
| • Tele Sales Officer | 1 - 2 years | 30 |
| • Trainer Mechanical | 2 - 4 years | 20 |
| • Trainer Electrical | 2 - 4 years | 20 |
| • Trainer Electronics | 3 - 5 years | 30 |
| • Trainer Mobile Phone | 2 - 4 years | 30 |
| • Trainer Software | 2 - 4 years | 30 |
| • Trainer Accounts & Tally | 2 - 4 years | 25 |
| • Trainer Paramedical Course | 2 - 5 years | 25 |
| • Librarian | 02 years | 01 |

• Attractive Salary, Incentive, PF, ESI, Gratuity, Medical, Mediclaim facilities
Applicants from Education & Training Industry preferred
e-mail your resume to hr@george-telegraph.org

#scholarsofchange
COMMUNICATIONS/MARKETING/MANAGEMENT/MEDIA AND ENTERTAINMENT/DIGITAL
The only inter-disciplinary fellow programme in India poised to prepare exemplary scholars that can meet international norms of research and education.
ADMISSIONS OPEN TO FELLOW PROGRAMME IN MANAGEMENT (FPM)
12TH BATCH
ADVANTAGES
MICA'S DOCTORAL PROGRAMME
AICTE APPROVED
4 YEAR FULL-TIME RESIDENTIAL
1 TERM GLOBAL IMMERSION
MONTHLY STIPEND/FELLOWSHIP
RESEARCH SUPPORT
APPLY ONLINE Application Deadline 31 ST MAR 2022
www.mica.ac.in
fpm@micamail.in
+91 2717 688250
Shela, Ahmedabad-380058
MICA THE SCHOOL OF IDEAS

SBI

ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ফ্যাক্স: 022-22820411

**চুক্তিভিত্তিক বিশেষজ্ঞ ক্যাডার অফিসার নিয়োগ**

চুক্তির ভিত্তিতে নিম্নলিখিত পদের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে:

| ক্রমিক নম্বর | পদ | তুলনামূলক গ্রেড | শূন্যপদ | বিজ্ঞাপন নম্বর |
|---|---|---|---|---|
| 1. | প্রধান (ডিজিটাল ব্যাঙ্কিং) | ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর / চিফ জেনারাল ম্যানেজার | 1 | CRPD/SCO/2021-22/24 |

যোগ্যতার মানদণ্ড (বয়স, যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিবরণ সহ অনলাইনে আবেদন জমা দেওয়া এবং আবেদন ফি অনলাইনে প্রদানের লিঙ্ক ব্যাঙ্কের ওয়েবসাইট https://bank.sbi/web/careers অথবা https://www.sbi.co.in/web/careers-এ উল্লিখিত বিস্তারিত বিজ্ঞাপন নম্বরের অধীনে উপলব্ধ রয়েছে। প্রার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে যেন তারা আবেদন করার এবং ফি পাঠানোর আগে বিশদে বিজ্ঞাপন পড়ে যোগ্যতা এবং অন্যান্য বিবরণ নিশ্চিত করে নেন।

• অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 30.12.2021 থেকে 28.01.2022 পর্যন্ত।

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক "CONTACT US" —> "Post Your Query"-এ লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 30.12.2021

জেনারাল ম্যানেজার
(আরপি এবং পিএম)


## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. আলোর বর্ণালি কোনটির দ্বারা সৃষ্টি করা যায়?
(a) কাচের প্রিজম (b) কাচের লেন্স (c) কাচের পুরু প্লেট (d) সবক'টি
2. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি ধাতু সংকর নয়?
(a) জার্মান সিলভার (b) পিতল (c) ব্রোঞ্জ (d) গ্রাফাইট
3. 'অষ্টাঙ্গিক মার্গ' কে প্রচার করেন?
(a) সমুদ্রগুপ্ত (b) কালিদাস (c) গৌতম বুদ্ধ (d) বিন্দুসার
4. দ্বিতীয় পানিপথের যুদ্ধে আকবরের প্রতিপক্ষ কে ছিলেন?
(a) সেলুকাস (b) হিমু (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) শম্ভুজি
5. কোন জৈব যৌগটি ত্রিবন্ধনী?
(a) $C_2H_2$ (b) $C_2H_6$ (c) $C_3H_7$ (d) $C_3H_8$
6. ওজনের স্তর কীসের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়?
(a) $SO_2$ (b) $NO_2$ (c) HCl (d) CFCs
7. কোনটির মধ্যে কার্বন নেই?
(a) শুষ্ক বরফ (b) জিপসাম (c) ইস্পাত (d) ফুলেরিন
8. কত সালে ভারতে EXIM Bankটি স্থাপন করা হয়?
(a) 1980 সালে (b) 1981 সালে (c) 1982 সালে (d) 1983 সালে
9. সর্বাপেক্ষা তড়িৎ ঋণাত্মক মৌল হল:
(a) পটাশিয়াম (b) লৌহ (c) হাইড্রোজেন (d) ফ্লুয়োরিন
10. ওয়াগা সীমান্ত চেকপোস্ট কোন সীমান্তে অবস্থিত?
(a) ইন্দো-নেপাল বর্ডার (b) ইন্দো-পাক বর্ডার (c) ইন্দো-বাংলাদেশ বর্ডার (d) ইন্দো-শ্রীলঙ্কা বর্ডার
11. মৃতজীবী উদ্ভিদটি হল:
(a) চন্দন গাছ (b) বাঁশ গাছ (c) ছত্রাক (d) সাইকাস
12. আউটকাম বাজেট-এর সূত্রপাত কোন বছরে?
(a) 2001 সালে (b) 2003 সালে (c) 2005 সালে (d) 2007 সালে
13. প্রতিটি অ্যাসিডে কোন মৌল থাকবেই?
(a) অক্সিজেন (b) কার্বন (c) নাইট্রোজেন (d) হাইড্রোজেন
14. রকেটের কার্যপ্রণালী কোন সংরক্ষণ সূত্র মেনে চলে?
(a) রৈখিক ভরবেগ (b) কৌণিক ভরবেগ (c) ভর (d) গতিশক্তি
15. প্রাণীদের দেহে কত ধরনের পুষ্টি দেখা যায়?
(a) এক ধরনের (b) দু'ধরনের (c) তিন ধরনের (d) চার ধরনের
16. কোন গ্যাসকে লাফিং গ্যাস হিসাবে চিনি?
(a) নাইট্রিক অ্যাসিড (b) নাইট্রোজেন (c) লিথিয়াম (d) নাইট্রাস অক্সাইড
17. কোনও স্থান ও তার প্রতিপাদ স্থানের মধ্যে সময়ের পার্থক্য কত?
(a) 10 ঘণ্টা (b) 3 ঘণ্টা (c) 5 ঘণ্টা (d) 12 ঘণ্টা
18. কোন ভিটামিনের অভাবে পেলেগ্রা রোগ হয়?
(a) ভিটামিন-C (b) ভিটামিন-D (c) ভিটামিন-P (d) ভিটামিন--K
19. খাদ্য সংরক্ষণের জন্য কোনটি বেশি পরিমাণে ব্যবহৃত হয়?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) বেনজোয়িক অ্যাসিড (c) টার্টারিক অ্যাসিড (d) সোডিয়াম বাইকার্বনেট
20. কর্পূরে তাপ প্রয়োগ করলে কী হয়?
(a) সমীভবন (b) অঙ্গার (c) বাষ্প (d) তরল
21. কোনটি পরমাণুর নিউক্লিয়াসের বাইরে অবস্থান করে?
(a) প্রোটন (b) নিউট্রন (c) ইলেকট্রন (d) কোনওটিই নয়
22. রাজ্যসভায় একজন সদস্য কত বছরের জন্য নির্বাচিত হন?
(a) 3 বছর (b) 4 বছর (c) 5 বছর (d) 6 বছর
23. 'হরিজন পত্রিকা' কে সম্পাদনা করেছিলেন?
(a) বিপিনচন্দ্র পাল (b) অরবিন্দ ঘোষ (c) মহাত্মা গান্ধী (d) বাল গঙ্গাধর তিলক
24. মহাবিশ্বে সবচেয়ে দুষ্প্রাপ্য মৌল কোনটি?
(a) নাইট্রোজেন (b) কার্বন (c) অ্যাস্টাটিন (d) অক্সিজেন
25. সাইমন কমিশনের সদস্যসংখ্যা ছিল কত জন?
(a) 4 জন (b) 5 জন (c) 6 জন (d) 7 জন
26. নাট্যাভিনয় আইন কে পাশ করেছিলেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড লিটন (c) লর্ড কার্জন (d) লর্ড ক্যানিং
27. তাজমহল ক্ষয়ের জন্য কোন গ্যাসটি দায়ী?
(a) CO (b) $NO_2$ (c) $H_2S$ (d) $SO_2$
28. উভধর্মী ধাতু কোনটি?
(a) Zn (b) Mg (c) Al (d) Na
29. রকেটের জ্বালানি হিসাবে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) $NO_2$ (b) $H_2O_2$ (c) HCl (d) $SO_2$
30. বরফ কলে কী গ্যাস ব্যবহার করা হয়?
(a) NO (b) $HNO_3$ (c) $NH_3$ (d) $NO_2$
31. এক লেন্স শূন্য মাধ্যমে অদৃশ্য হলে এর প্রতিসরাঙ্ক হবে:
(a) এক অপেক্ষা বেশি (b) এক (c) এক অপেক্ষা কম (d) ঋণাত্মক
32. যখন বরফের গলন হয় তখন তার আয়তন:
(a) কমে (b) বাড়ে (c) কোনও পরিবর্তন হয় না (d) শূন্য হয়
33. পরিবাহীতার একক কোনটি?
(a) মো (b) সীমেন্স (c) অ্যাম্পিয়ার/ভোল্ট (d) সবক'টি
34. যে ভৌতরাশিটি জুল দ্বারা প্রকাশ করা হয় তাঁর নাম কী?
(a) শক্তি (b) পীড়ন (c) ক্ষমতা (d) গতিবেগ
35. সংবিধানের 25 নম্বর ধারায় কী উল্লেখ আছে?
(a) স্বাধীনতার অধিকার (b) সাম্যের অধিকার (c) ধর্মীয় অধিকার (d) শোষণের বিরুদ্ধে অধিকার
36. কোন যৌগটি তড়িৎ ও সমযোজী বন্ধন ধারন করে?
(a) $CH_4$ (b) $H_2$ (c) Nacl (d) KCN
37. শেষ মৌর্য সম্রাট কে ছিলেন?
(a) অশোক (b) বৃহদ্রথ (c) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (d) পুষ্যমিত্র শুঙ্গ
38. ওজন হল কোন মৌলের ভেদ?
(a) কার্বন (b) অক্সিজেন (c) হাইড্রোজেন (d) নাইট্রোজেন
39. সংবিধানে ক'টি মৌলিক কর্তব্যের উল্লেখ আছে?
(a) ন'টি (b) দশটি (c) এগারোটি (d) বারোটি
40. ফিউজ তারের জন্য কোন ধাতু ব্যবহৃত হয় না?
(a) টিন (b) সীসা (c) অ্যান্টিমনি (d) লোহা
41. ভারতের কোন রাজ্যে সর্বাধিক শুকনো লঙ্কা উৎপাদিত হয়?
(a) গুজরাট (b) ঝাড়খণ্ড (c) তামিলনাড়ু (d) গোয়া
42. দক্ষিণ ভারতে কোন নদীর আয়তন বৃহত্তম?
(a) মহানদী (b) কৃষ্ণা (c) কাবেরী (d) গোদাবরী
43. যদুগোড়া খনি থেকে কোন খনিজ দ্রব্য উত্তোলন করা হয়?
(a) অভ্র (b) হীরে (c) তামা (d) ইউরেনিয়াম
44. নারকেলের যে অংশটি আমরা খাই সেটি কী?
(a) ভ্রূণ (b) বীজপত্র (c) ফলের ত্বক (d) শস্য
45. লিগনাইট এক ধরনের:
(a) তামা (b) কয়লা (c) অভ্র (d) চুনাপাথর
46. মান নির্ণয় করুন:
$8 \times \sqrt{1\frac{9}{16}}$
(a) 15 (b) 10 (c) 18 (d) 25
47. যদি $\frac{m}{n} = \frac{12}{10}$ হয় তাহলে $\frac{m^2+n^2}{m^2-n^2}$-এর মান কত?
(a) $5\frac{6}{11}$ (b) $6\frac{6}{11}$ (c) $7\frac{6}{11}$ (d) $9\frac{6}{11}$
48. 15 জন লোক 35টি ফুলের মালা 7 দিনে করতে পারে। 65টি ফুলের মালা 5 দিনে কতজন লোক করতে পারবে?
(a) 37 (b) 38 (c) 39 (d) 40
49. 15টি লিচু বিক্রয় করে যে ক্ষতি হয় সেটি 3টি লিচুর বিক্রয়মূল্যের সমান। শতকরা ক্ষতির পরিমাণ কত?
(a) 16% (b) $16\frac{2}{3}$ % (c) 15% (d) $15\frac{2}{3}$ %
50. নীচের পাঁচটি সংখ্যার গড় নির্ণয় করুন:
15, 5, 0, 12, 8
(a) 8 (b) 8.5 (c) 10 (d) 15
51. রোহিত ও মোহিতের বর্তমান বয়স যথাক্রমে 48 বছর ও 32 বছর। 12 বছর পূর্বে রোহিত ও মোহিতের বয়সের অনুপাত কত ছিল?
(a) 9 : 4 (b) 9 : 5 (c) 6 : 5 (d) 8 : 5
52. 32% of $150 - ?^2 = \sqrt{529}$
(a) 3 (b) 5 (c) 7 (d) 9
53. $(4.5)^2 - (1.5)^2 = ?^2$
(a) $9\sqrt{2}$ (b) 9 (c) $3\sqrt{2}$ (d) 5
54. চিনির দাম 20% কম হলে, পূর্বে 20 কিলোগ্রাম ক্রয় করতে যে টাকা লাগত সেই টাকায় কত কিলোগ্রাম চিনি বেশি কেনা যাবে?
(a) 5 কিলোগ্রাম (b) 6 কিলোগ্রাম (c) 7 কিলোগ্রাম (d) 8 কিলোগ্রাম
55. দু'টি সংখ্যার অনুপাত 2 : 3 এবং এদের গ.সা.গু. 10 হলে সংখ্যাদু'টির গুণফল কত?
(a) 400 (b) 600 (c) 500 (d) 200
56. ? স্থানে কী বসবে?

| | | | |
|---|---|---|---|
| 7 | 8 | 4 | 88 |
| 5 | 11 | 6 | 121 |
| 9 | 7 | 3 | ? |

(a) 84 (b) 88 (c) 86 (d) 80
57. 'MOMENTARILY' শব্দটি থেকে কোন শব্দটি তৈরি করা যাবে?
(a) MOIST (b) TONER (c) YARD (d) LAID
58. চিহ্নের (?) জায়গায় উপযুক্ত পদটি কী হবে?
4 : 64 : : 6 : ?
(a) 106 (b) 68 (c) 216 (d) 196
59. যদি 6 A 7 B 3 = 60 এবং 11 A 9 B 6 = 165 হয়, তাহলে, 10 A 11 B 5 = ?
(a) 105 (b) 160 (c) 165 (d) 180
নির্দেশ (60 and 61): নীচের শব্দগুলি দিয়ে নীচের কোন শব্দগুলি তৈরি করা যাবে না?
60. CORPORATION
(a) RATIO (b) REPORT (c) PORT (d) TORN
61. PARTICULARLY
(a) RALLY (b) TALCUM (c) CULT (d) PART
নির্দেশ (62 and 63): নীচের বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক হবে?
62. Book : Pages : : Ladder : ?
(a) Steps (b) Walking (c) Parts (d) Levels
63. Binocular : View : : ? : ?
(a) Shovel : Scoop (b) Spanner : Guard (c) Tongues : Bare (d) Chisel : Grind
64. ভুল পদটি নির্বাচন করুন:
10, 13, 26, 37, 51, 85, 154
(a) 10 (b) 26 (c) 51 (d) 154
65. কোনও সাঙ্কেতিক ভাষায় 'AKBAR' কে লেখা হয় 'CMDCT'; তাহলে ওই সাঙ্কেতিক ভাষায় 'JODHA'-কে কী লেখা হবে?
(a) LQFJC (b) HMBFX (c) LMGJX (d) WBQUN
নির্দেশ (66 and 67): ? স্থানে কোন পদটি বসবে?
66. 36 : 144 : : 49 : ?
(a) 81 (b) 149 (c) 196 (d) 154
67. 76 : 42 : : 66 : ?
(a) 12 (b) 35 (c) 36 (d) 63
68.


(a) 20 (b) 25 (c) 50 (d) 75
নির্দেশ (69 and 70): নীচের শব্দগুলিকে ক্রমানুসারে সাজান:
69. 1. Adult 2. Child 3. Infant 4. Boy 5. Adolescent
(a) 1, 3, 4, 5, 2 (b) 3, 2, 4, 5, 1 (c) 2, 3, 5, 4, 1 (d) 2, 3, 4, 1, 5
70. 1. Wall 2. Clay 3. House 4. Room 5. Bricks
(a) 5, 2, 1, 4, 3 (b) 2, 5, 4, 1, 3 (c) 2, 5, 1, 4, 3 (d) 1, 2, 3, 4, 5
71. কোনও বস্তুর ক্রয়মূল্যের ওপর লাভ হয় 20% তাহলে বিক্রয়মূল্যের ওপর কত লাভ হবে?
(a) $3\frac{2}{3}$ % (b) $4\frac{2}{3}$ % (c) $6\frac{2}{3}$ % (d) $16\frac{2}{3}$ %
72. একটি পরীক্ষায় 30% ছাত্রী অঙ্কে ফেল করে ও 20% ছাত্রী ইংরেজিতে ফেল করে। 10% উভয় বিষয়ে ফেল করে। শতকরা পাশ করা ছাত্রীসংখ্যা কত?
(a) 50% (b) 60% (c) 70% (d) কোনওটিই নয়
73. রম্বসের দু'টি কর্ণ m ও n হলে, রম্বসের পরিসীমা কত হবে?
(a) $2\sqrt{m^2+n^2}$ (b) 2mn (c) $2\sqrt{mn}$ (d) $2n\sqrt{m}$
74. যদি $x + \frac{1}{x} = 1$ হয় তবে $\frac{x^2-x+1}{x^2+x+1}$-এর মান কত হবে?
(a) –1 (b) 0 (c) 1 (d) 2
75. যদি $a^2 + b^2 + c^2 = 2(a - b - c) - 3$; তাহলে $2a - 3b + 4c$-এর মান কত?
(a) 2 (b) 3 (c) 1 (d) 7
76. 30টি সংখ্যার গড় হল 40 এবং আরও 40টি সংখ্যার গড় হল 30। তাহলে সবগুলি সংখ্যার গড় নির্ণয় করুন।
(a) 35 (b) 34 (c) 34.5 (d) $34\frac{2}{7}$
77. একটি গোলকের ব্যাসার্ধ যদি 5% বৃদ্ধি পায় তবে তার পৃষ্ঠতলের ক্ষেত্রফলের বৃদ্ধি হবে:
(a) 11% (b) 10% (c) 10.25% (d) 9%
78. A ও B-এর বয়সের অনুপাত 7 : 2 এবং তাদের বয়সের পার্থক্য 15 বছর। তাদের বয়সের সমষ্টি কত?
(a) 27 বছর (b) 30 বছর (c) 32 বছর (d) 35 বছর
79. একটি বাস 30 কিমি/ঘণ্টা বেগে 6 ঘণ্টায় একটি স্থানে পৌঁছল। ঘণ্টায় কত কিমি গতিবেগে চললে বাসটি 5 ঘণ্টায় পৌঁছাবে?
(a) 34 কিমি/ঘণ্টা (b) 36 কিমি/ঘণ্টা (c) 38 কিমি/ঘণ্টা (d) 40 কিমি/ঘণ্টা
80. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 2 : 3 হলে শতকরা লাভ কত?
(a) 25 টাকা (b) 30 টাকা (c) 35 টাকা (d) 50 টাকা
81. একটি পেন 50 টাকায় বিক্রয় করায় 25% লাভ হল। পেনের ক্রয়মূল্য কত?
(a) 20 টাকা (b) 25 টাকা (c) 35 টাকা (d) 40 টাকা
82. 4টি সংখ্যার গড় 15। তাদের মধ্যে প্রথম তিনটি সংখ্যা হল 8, 10, 12। চতুর্থ সংখ্যাটি নির্ণয় করুন।
(a) 20 (b) 25 (c) 30 (d) 35
83. একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাপের অনুপাত 2 : 3 : 4। ত্রিভুজের ক্ষুদ্রতম কোণটির মান কত?
(a) $40^\circ$ (b) $30^\circ$ (c) $20^\circ$ (d) $10^\circ$
84. যদি $5x + 9y = 5$ এবং $125x^3 + 729y^3 = 120$ হয়, তাহলে x ও y-এর গুণফল নির্ণয় করুন।
(a) $\frac{1}{135}$ (b) $\frac{1}{9}$ (c) 45 (d) 50
85. অমিত ও সুমিতের বর্তমান বয়সের অনুপাত 1 : 2 চার বছর পর তাদের বয়সের অনুপাত হবে 7 : 13। তাহলে অমিত ও সুমিতের বর্তমান বয়স কত?
(a) 16, 32 (b) 24, 48 (c) 18, 36 (d) কোনওটিই নয়

### উত্তর

1(a), 2(d), 3(c), 4(b), 5(a), 6(d), 7(b), 8(c), 9(d), 10(b), 11(a), 12(c), 13(d), 14(a), 15(c), 16(d), 17(d), 18(c), 19(b), 20(b), 21(c), 22(d), 23(c), 24(c), 25(d), 26(b), 27(d), 28(a), 29(a), 30(c), 31(b), 32(a), 33(d), 34(a), 35(c), 36(d), 37(b), 38(b), 39(b), 40(b), 41(c), 42(d), 43(d), 44(d), 45(b), 46(b), 47(a), 48(c), 49(b), 50(a), 51(b), 52(b), 53(c), 54(a), 55(b), 56(a), 57(b), 58(c), 59(b), 60(b), 61(b), 62(a), 63(a), 64(d), 65(a), 66(c), 67(c), 68(c), 69(b), 70(c), 71(d), 72(b), 73(a), 74(b), 75(c), 76(d), 77(c), 78(a), 79(b), 80(d), 81(d), 82(c), 83(a), 84(a), 85(b).

এরপর আগামী সংখ্যায়
প্রস্তুত করেছেন: সাগর রায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত ২২ ডিসেম্বর সংখ্যার পর*

49. একটি দেশের জনসংখ্যার 80% গ্রামে বাস করে। গ্রামের জনসংখ্যার 90% কৃষক এবং তাদের 70% ভূমিহীন হলে দেশের ভূমিহীনের জনসংখ্যার শতকরা হার:
(a) 50.4% (b) 80% (c) 90% (d) 10%

50. চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সঙ্গে ক্ষুদ্রতম কত যোগ করলে যোগফলটি 307 দ্বারা বিভাজ্য হবে?
(a) 132 (b) 49 (c) 50 (d) 230

51. একটি ব্যাগে 5 টাকা ও 10 টাকার মোট 80টি নোট ছিল। ওই ব্যাগে মোট 600 টাকা থাকলে 10 টাকার নোটের সংখ্যা:
(a) 60টি (b) 50টি (c) 40টি (d) 10টি

52. A-এর 30% = B-এর 0.25 = C-এর $\frac{1}{5}$ অংশ তাহলে A : B : C = ?
(a) 3 : 6 : 5 (b) 6 : 3 : 5 (c) 3 : 5 : 6 (d) কোনওটিই নয়

53. যদি P = 999 হয় তাহলে $\sqrt[3]{P^3+3P^2+3P+1}$ -এর মান কত?
(a) 1000 (b) 999 (c) 998 (d) 1002

54. কোনও সমদ্বিবাহু ত্রিভুজের অসমান কোণটি, সমান কোণদ্বয়ের সমষ্টির দ্বিগুণ হলে, সমান কোণদ্বয়ের প্রত্যেকটি হল:
(a) 120° (b) 60° (c) 30° (d) 90°

55. 3 সেমি, 4 সেমি ও 5 সেমি বাহুবিশিষ্ট কোনও ত্রিভুজের পরিব্যাসার্ধের দৈর্ঘ্য কত?
(a) 2 সেমি (b) 2.5 সেমি (c) 3 সেমি (d) 1.5 সেমি

56. 80 টাকা লিটার প্রতি কিলোগ্রাম দরে 10 কিলোগ্রাম চা-এর সঙ্গে 90 টাকা প্রতি কিলোগ্রাম দরে 15 কিলোগ্রাম চা মেশানো হল। ক্রয়মূল্যের ওপর 10% লাভ করতে চাইলে মিশ্রিত চা-এর প্রতি কিলোগ্রাম বিক্রয়মূল্য কত হবে?
(a) 90.70 (b) 92.50 (c) 94.60 (d) 95.75

57. তিনটি সংখ্যার গ.সা.গু. 6 এবং ল.সা.গু. 420। দু'টি সংখ্যা 12 ও 30 হলে, তৃতীয়টি কত?
(a) 40 (b) 38 (c) 45 (d) 42

58. যদি tan (5x − 10°) = cot (5y + 20°) হয় তবে (x + y) = ?
(a) 24° (b) 20° (c) 15° (d) 16°

59. এক দোকানদার 34 টাকায় 8টি তাল কেনেন ও 57 টাকায় 12টি তাল বিক্রি করেন। তিনি মোটের ওপর 900 টাকা লাভ করলে কতগুলি তাল কেনেন?
(a) 1700 (b) 1800 (c) 1500 (d) 1900

60. একটি বিদ্যালয়ে 70% ছাত্র বালক। বালিকার সংখ্যা 504 হলে ছাত্র সংখ্যা কত?
(a) 1176 (b) 1280 (c) 1050 (d) 1920

61. কোনও গ্রামের মোট জনসংখ্যা 20000 যদি পুরুষের সংখ্যা 10% বাড়ে ও স্ত্রীলোকের সংখ্যা 6% কম তাহলে জনসংখ্যা একই থাকে। পুরুষের সংখ্যা কত?
(a) 8000 (b) 7500 (c) 8200 (d) 8900

62. সজল একটি পরীক্ষায় বাংলায়, ইংরেজিতে, অঙ্কে যথাক্রমে 42, 50, 43 পেয়েছে। সে পরীক্ষায় গড় কত পেয়েছে?
(a) 42 (b) 50 (c) 45 (d) 60

63. 6 সেমি ব্যাসের একটি গোলাকার বলকে গলিয়ে একটি লম্ব বৃত্তাকার শঙ্কু তৈরি করা হল। যার ভূমির ব্যাস 12 সেমি, শঙ্কুটির উচ্চতা কত?
(a) 2 সেমি (b) 3 সেমি (c) 4 সেমি (d) 6 সেমি

64. A-এর বেতন B-এর বেতনের চেয়ে 20% কম; B-এর বেতন A-এর চেয়ে শতকরা কত বেশি?
(a) 20% (b) 25% (c) 18% (d) 22%

65. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 10 : 3, 3 বছর পর ওই অনুপাত 3 : 1 হবে, এখন পিতা ও পুত্রের বয়স যথাক্রমে:
(a) 50 ও 19 (b) 45 ও 15 (c) 60 ও 18 (d) 62 ও 22

66. একটি ব্যাগে 50 পয়সা, 25 পয়সা, 10 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 5 এবং তাদের মোট মূল্য 132 টাকা। 10 পয়সার মুদ্রার সংখ্যা কত?
(a) 240 (b) 360 (c) 440 (d) 520

67. একটি আয়তঘনের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 3 : 4 : 6 এবং আয়তন 576 ঘনসেমি। আয়তঘনটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?
(a) 216 বর্গসেমি (b) 324 বর্গসেমি (c) 432 বর্গসেমি (d) 460 বর্গসেমি


68. $2P + \frac{1}{P} = 4$ হলে $P^3 + \frac{1}{8P^3}$ -এর মান কত?
(a) 4 (b) 5 (c) 8 (d) 15

69. একটি ব্যাগে 5 টাকা ও 10 টাকার মোট 80টি নোট ছিল। ওই ব্যাগে মোট 600 টাকা থাকলে 10 টাকা নোটের সংখ্যা:
(a) 60টি (b) 50টি (c) 40টি (d) 10টি


70. মা এবং মেয়ের বর্তমান বয়সের অনুপাত 7 : 1। চার বছর আগে তাদের অনুপাত ছিল 19 : 1। এখন থেকে চার বছর পর মা-র বয়স কত হবে?
(a) 42 বছর (b) 38 বছর (c) 46 বছর (d) 36 বছর

71. একজন মহিলাকে দেখিয়ে একটি বালিকা বলল, তিনি আমার পিতার পুত্রের ঠাকুরমার একমাত্র পুত্রবধূ। মহিলাটি বালিকাটির কে হয়?
(a) মা (b) কাকিমা (c) শাশুড়ি (d) বৌদি

72. aa ___ aabb ___ b ___ aa ___ aabb ___ bb.
(a) abbab (b) bbbaa (c) babba (d) aabbb


73.



(a) 72 (b) 68 (c) 82 (d) 96

74.



(a) 37 (b) 29 (c) 44 (d) 25

75. যদি Z = 26 এবং NET = 39 হয় তাহলে NUT = ?
(a) 53 (b) 50 (c) 56 (d) 55

76.



(a) 343 (b) 124 (c) 334 (d) 312

77.

| | | |
|---|---|---|
| 9 | 10 | 8 |
| 7 | 12 | 7 |
| 126 | 19 | ? |
| 2 | 15 | 5 |

(a) 99 (b) 88 (c) 78 (d) 63

78. যদি 125-কে ZYV লেখা হলে, 867-কে কী লেখা হবে?
(a) UVW (b) TUV (c) RUT (d) SUT


79. কোনও মাসের তৃতীয় সোমবার 21 তারিখ হলে মাসের প্রথম বৃহস্পতিবার কত তারিখ হবে?
(a) 2 তারিখ (b) 3 তারিখ (c) 4 তারিখ (d) 5 তারিখ

80. একটি অর্থযুক্ত সবজি শব্দের অক্ষরগুলি এলোমেলোভাবে সাজানো আছে। যদি NUMKIPP শব্দটির অক্ষরগুলি সঠিকভাবে সাজানো হয় তবে সবজি শব্দটির শেষ অক্ষরটি কী হবে?
(a) N (b) M (c) K (d) U

81. NABMODINT এই অক্ষরগুলি সঠিকভাবে সাজালে খেলার নাম হবে তার প্রথম ও শেষের অক্ষরদুটি কী কী?
(a) B, T (b) B, N (c) N, D (d) A, T

82. EMPHASIZE শব্দটির Z-এর স্থান এবং ইংরেজি বর্ণমালার Z-এর স্থানে পার্থক্য কত?
(a) 14 (b) 16 (c) 18 (d) 20

83. বিচারক, চোর ও অপরাধী— শব্দগুলির প্রতীক স্বরূপ সঠিক চিত্রটি চিহ্নিত করুন:




(a) (b) (c) (d)

84. মুরগি, কুকুর ও বিড়াল— শব্দগুলির প্রতীক স্বরূপ সঠিক চিত্রটি চিহ্নিত করুন:



(a) (b) (c) (d)

85. ডাক্তার, পুরুষ ও পাঠক— শব্দগুলির প্রতীক স্বরূপ সঠিক চিত্রটি চিহ্নিত করুন।



(a) (b) (c) (d)


86. রাম সামনের দিকে 10 মিটার হাঁটার পর ডানদিকে 4 মিটার গেলেন। তারপর প্রতিবার বাঁদিকে ঘুরে যথাক্রমে 5 মিটার, 10 মিটার ও 20 মিটার গেলেন। তিনি এখন শুরুর স্থান থেকে কত দূরে আছেন?
(a) 35 মিটার (b) 30 মিটার (c) 5 মিটার (d) $\sqrt{61}$ মিটার

87. aa __ b ___ b ___ ccdd ___
(a) abbb (b) baba (c) abcd (d) adbc

88. def ___ __ f ___ hfg __ i ___
(a) egggh (b) ghgeg (c) ehggg (d) geghg

89. যদি কোনও নির্দিষ্ট কোডে DIAMOND = CHZLNMC লেখা হয় তবে PLATINUM-এর কোড কী হবে?
(a) OKZHMSLT (b) OKZHMSTL (c) OKZSMHTL (d) OKZSHMTL

90. যদি UNLIMITED = 214363879 লেখা হয় তবে TITLED = কে কী লেখা হবে?
(a) 834897 (b) 834879 (c) 838479 (d) 825379

91.



(a) 20 (b) 25 (c) 29 (d) 75

92. 10, 100, 200, 310, ?
(a) 400 (b) 410 (c) 420 (d) 430

93.

| | | |
|---|---|---|
| 6 | 4 | 5 |
| 42 | ? | 30 |
| 7 | 9 | 6 |

(a) 40 (b) 42 (c) 44 (d) 36

94. IDIOSYNCRASY শব্দটির অক্ষরগুলি একবার মাত্র ব্যবহার করে নীচের কোন শব্দটি তৈরি করা যাবে?
(a) NOISY (b) SYNONYM (c) RESONANCE (d) SOUND

95. PRINCIPAL-এর অক্ষরগুলি দিয়ে কোন শব্দটি তৈরি করা যাবে না?
(a) CRAP (b) PLAIN (c) PAIL (d) PRICE

96. ভুল সংখ্যাটি খুঁজে নির্ণয় করুন:
216, 163, 120, 72, 24
(a) 216 (b) 163 (c) 72 (d) 24

97. নির্দিষ্ট নিয়ম মেনে কতগুলি অক্ষরকে একসঙ্গে করে লেখা হয়েছে— BYDWFU। সেই নিয়মটি কী?
(a) AZCXDV (b) AZCYDW (c) GTIRKP (d) GTIRKL

98. Seriesটি সম্পূর্ণ করুন:
$\frac{D}{5}, \frac{G}{9}, \frac{J}{14}, \frac{M}{20}$
(a) $\frac{O}{26}$ (b) $\frac{R}{26}$ (c) $\frac{Q}{27}$ (d) $\frac{P}{27}$

99. যদি Z = 26 ও NET = 39 হয়, তবে, NUT = ?
(a) 50 (b) 53 (c) 55 (d) 56

100. যদি MATHEMATICS = 12345123678 হয়, তবে MAHATHMA = ?
(a) 12423412 (b) 12345123 (c) 12345678 (d) 12425341

#### উত্তর

49(a), 50(a), 51(c), 52(d), 53(a), 54(c), 55(b), 56(c), 57(d), 58(d), 59(b), 60(a), 61(b), 62(c), 63(b), 64(b), 65(c), 66(c), 67(c), 68(b), 69(c), 70(c), 71(a), 72(a), 73(b), 74(b), 75(d), 76(a), 77(b), 78(d), 79(b), 80(a), 81(b), 82(c), 83(a), 84(d), 85(c), 86(d), 87(c), 88(d), 89(d), 90(c), 91(c), 92(d), 93(d), 94(a), 95(d), 96(b), 97(c), 98(d), 99(c), 100(a).

#### সমাধান

46(c): লোকটি A থেকে B-তে গেল 10 কিমি/ঘণ্টা বেগে লোকটি B থেকে A-তে গেল 6 কিমি/ঘণ্টা বেগে

গড় গতিবেগ = $\frac{2xy}{x+y} = \frac{2 \times 10 \times 6}{10+6} = \frac{15}{2}$ কিমি/ঘণ্টা = 7.5 কিমি/ঘণ্টা।

47(c): আসল + 3 বছরের সুদ = 5832 টাকা
আসল + 2 বছরের সুদ = 5182 টাকা
1 বছরের সুদ = 650 টাকা
2 বছরের সুদ = 1300 টাকা
মূলধনের পরিমাণ = (5182 − 1300) টাকা = 3882 টাকা।

48(c): ধরি সংখ্যাটি = 100
10% বাড়লে হল = $100 \times \frac{110}{100} = 110$
10% কমালে হয় = $110 \times \frac{90}{100} = 90$
∴ সংখ্যাটি সর্বমোট = (100 − 99)% = 1% হ্রাস পেল।

49(a): ধরি, দেশের জনসংখ্যা = 100 জন
গ্রামে বাস করে = 80 জন
কৃষকের সংখ্যা = $80 \times \frac{90}{100}$ জন = 72 জন
72 জনের মধ্যে ভূমিহীন 70%
∴ ভূমিহীনের সংখ্যা = $72 \times \frac{70}{100} = \frac{504}{10} = 50.4\%$.


50(a): 307 ) 9999 ( 32
921
789
614
175
∴ ক্ষুদ্রতম সংখ্যা যোগ করতে হবে = (307 − 175) = 132.

51(c):
5 টাকা: 80 × 5 = 400
10 টাকা: 80 × 10 = 800
600
(800 − 600) = 200
(600 − 400) = 200
= 200 : 200 = 1 : 1
∴ 10 টাকা নোটের সংখ্যা $80 \times \frac{1}{2} = 40$ টি।

52(d): A-এর 30% = B-এর 0.25 = C-এর $\frac{1}{5}$
$A \times \frac{30}{100} = B \times \frac{25}{100} = C \times \frac{1}{5}$
∴ A : B : C = (10 × 1) : (3 × 4) : (3 × 5) = 10 : 12 : 15.

53(a): $\sqrt[3]{P^3+3P^2+3P+1} = \sqrt[3]{(P+1)^3} = \sqrt[3]{(999+1)^3}$
$= \sqrt[3]{1000^3} = (1000)^{\frac{3}{3}} = (1000)^1 = 1000.$

54(c): মনে করি, সমান কোণদ্বয়ের প্রত্যেকটি x°
সমান কোণদ্বয়ের সমষ্টি = 2x°, অসমান কোণটি = 2 × 2x° = 4x°
ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°
2x + 4x = 180, 6x = 180, x = 30
∴ সমান কোণদ্বয়ের প্রত্যেকটি 30°.

55(b):



$3^2 + 4^2 = 5^2$
ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ, অতিভুজের দৈর্ঘ্য = 5 সেমি
অতিভুজই হল ত্রিভুজটির পরিবৃত্তের ব্যাস
(সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য, ত্রিভুজটির পরিবৃত্তের ব্যাসের দৈর্ঘ্যের সমান)
∴ পরিব্যাসার্ধের দৈর্ঘ্য $\frac{5}{2}$ সেমি = 2.5 সেমি।

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

# স্কলারশিপের খোঁজখবর

## জে এন টাটা এনডাওমেন্ট লোন স্কলারশিপ ২০২২-২৩

বিদেশে উচ্চশিক্ষায় ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে জে এন টাটা এনডাওমেন্ট অর্গানাইজেশন।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক কোর্স পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারে পাঠরতরাও আবেদনের যোগ্য। বয়স: ৩০-৬-২০২২ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১০ লাখ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/JNT1 আবেদন করা যাবে ২১ মার্চ পর্যন্ত।

## কোভিড ক্রাইসিস (জ্যোতিপ্রকাশ) সাপোর্ট স্কলারশিপ প্রোগ্রাম ২০২১-২২

কোভিড পরিস্থিতির কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাডিফরস্টাডি ইন্ডিয়া ফাউন্ডেশন। প্রথম শ্রেণি থেকে স্নাতক কোর্স পাঠরতরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** ২০২০-র জানুয়ারির পর থেকে কোভিডের কারণে পিতা বা মাতা বা পরিবারের উপার্জনকারী সদস্যের মৃত্যু অথবা কাজ হারানোর ফলে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। **স্কলারশিপের পরিমাণ:** প্রতি বছরে সর্বাধিক ৩০,০০০ টাকা। অফলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/CCSP1 আবেদন করা যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত।

## আদিত্য বিড়লা ক্যাপিটাল কোভিড স্কলারশিপ প্রোগ্রাম ২০২১

কোভিড-১৯ মহামারীতে যে-ছাত্রছাত্রীদের পিতা-মাতার মৃত্যু হয়েছে তাঁদের স্কলারশিপ দিচ্ছে আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেড। প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি ও স্নাতক স্তরে পাঠরতরা আবেদন করতে পারেন।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৬০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/ABCC1 আবেদনের শেষ তারিখ ৩১ জানুয়ারি।

## কৃতি ফেলোশিপ ২০২১-২২

২৫ জন শিল্পীকে স্কলারশিপ দিচ্ছে দ্য হাইফেন। উই কেয়ার ও ডিসকভারি ভিলেজের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্পের মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে আগ্রহী শিল্পীদের এই স্কলারশিপ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক বা স্নাতক কোর্সের সমাপ্তি বর্ষে পাঠরতরা আবেদন করবেন। বয়স: ২০ থেকে ৩০ বছরের মধ্যে। **স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১ লাখ টাকা। এর পাশাপাশি মিউজিয়াম তৈরির প্রকল্পে কাজের সুযোগ পেতে পারেন নির্বাচিত শিল্পীরা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KRF1 আবেদন করা যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# রাজ্যের প্রায় ১০ হাজার আসনে নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি

*প্রথম পাতার পর*

বসবাস করে থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক কোর্স পাশ। জি এন এম কোর্সের ক্ষেত্রে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে হেলথ কেয়ার সায়েন্স শাখা নিয়ে পড়ে থাকতে হবে। এছাড়া অন্তত তিন বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন এ এন এম কোর্স পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য। উভয় কোর্সের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ইংরেজি পড়ে থাকতে হবে। **বয়স:** ৩১-১২-২০২২ তারিখে ১৭ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১১৫ নম্বরের পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: লাইফ সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, ইংলিশ, ম্যাথমেটিক্স, জেনারেল নলেজ এবং লজিক্যাল রিজনিং। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা নেওয়া হবে সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২ জুন থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২১ জানুয়ারি।

দরখাস্তের সময় কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রয়োজনীয় নথিপত্র (পি ডি এফ ফর্ম্যাটে, ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৪০০ টাকা (তফসিলি, ও বি সি এবং অনাথ প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্বপ্ন দেখুন, ঘুরে দাঁড়ান এই অকালেও

*প্রথম পাতার পর*

তিন দিনের মেনু সাজালেন তাঁরা। সোশ্যাল মিডিয়া মারফত জেনে অনেকেই অর্ডার করেন। তিন দিনে 'আনাড়ি'র ত্রিশ হাজার টাকার বিক্রি হয়। ফের ওই বছরই বড়দিনে প্রায় ১০০ কেজি প্লাম কেক বিক্রি করেন প্রিয়ঙ্কারা। বিভিন্ন দোকানে জোগান দেওয়া হয়। এই ভাবে পরিচিত গণ্ডির বাইরে সম্পূর্ণ অচেনা ক্রেতাও পায় 'আনাড়ি'। এখানেই না থেমে ২০২১-এর শীতকালে সাবেকি বাংলার বিভিন্ন ধরনের পিঠে তৈরি করেও যথেষ্ট সন্তোষজনক সাড়া পাওয়া যায়। কিন্তু কেক-পিঠে-বাঙালি রান্না নিয়ে 'আনাড়ি'র ব্যবসা যখন গতি পেয়েছে, ঠিক তখনই করোনার দ্বিতীয় ঢেউ এবং টানা লকডাউন ব্যবসায় অন্তরায় হয়ে দাঁড়াল।

তবে, এবার আর দিশেহারা বোধ করেননি প্রিয়ঙ্কা। শুরু করেন কোভিড কিচেন। যাবতীয় রান্না, বেকারি বন্ধ করে কোভিড রোগীদের বাড়িতে খাবার সরবরাহ করতে শুরু করেন তাঁরা।

'কোভিড রোগীর জন্য উপযুক্ত রান্নার পদ জেনে নিই হাসপাতালের ডায়েটিশিয়ানের কাছে। শুরুতে আমরা নিজেরাই খাবার ডেলিভারি দিতাম। পরবর্তী কয়েক মাসে ক্রেতার সংখ্যা ও জোগানের পরিসর অনেকটা বাড়ল। ডেলিভারি ও অন্যান্য কাজের জন্য কর্মী নেওয়া অবশ্যম্ভাবী হয়ে উঠল। ওই সময় ১৯ জন কর্মী আমাদের সঙ্গে কাজ করছিলেন। পুরোটাই নো কন্ট্যাক্ট ডেলিভারি। দাম নেওয়াও অনলাইন। বয়স্ক মানুষরা অনলাইন পেমেন্টে অভ্যস্ত না হলে, তাঁদের বলা হয়েছে পরে দাম মেটাতে। কোভিডের কারণে কাজ হারানো কয়েক জনকে সেসময় আমরা বিনামূল্যে খাবার দিয়েছি'—বললেন সপ্তর্ষি।

কোভিডের প্রকোপ কমার পর সপ্তাহান্তে ও অন্যান্য ছুটির দিন স্পেশ্যাল মেনু পপ আপ রেস্তোরাঁ হিসেবে খোলা থাকে 'আনাড়ি'। কী রান্না করা হবে তা আগেই জানিয়ে দেওয়া হয় সামাজিক মাধ্যমে। ২০২১-এর বড়দিনে 'আনাড়ি'তে প্লাম কেক তৈরি হয়েছে সম্পূর্ণ জৈব আটা ও গুড় দিয়ে। জৈব আটা আনা হয় রায়গঞ্জ থেকে। 'আনাড়ি'র জৈব কেক, নলেন গুড়ের কেক এখন শহরের বিভিন্ন জৈব সামগ্রীর স্টোরে পাওয়া যাচ্ছে। প্রিয়ঙ্কা জানালেন, কেকের অর্ডার পাওয়া যায় সারা বছর। জন্মদিন, বিয়ে, অ্যানিভার্সারি ইত্যাদি ছোট অনুষ্ঠানে কেকের অর্ডার নেওয়ার পাশাপাশি খাবারেরও অর্ডার নেন তাঁরা। ছোট্ট ঘরে এখন স্থান সংকুলান হয় না, বাড়ির খোলা জমিতে তৈরি করে নিতে হয়েছে কিচেন। বর্তমানে কোভিড কিচেনও চলছে সমান তালে।

'আনাড়ি'র কাছ থেকে কেক ও পিঠে কিনে আপনিও ব্যবসা করতে পারেন। এছাড়া কোভিড মিল-ও 'আনাড়ি'র কাছ থেকে পাইকারি মূল্যে নিয়ে আপনার এলাকায় আপনার পরিচিত কোভিড রোগীদের ডেলিভারি দেওয়ার কাজটিও করতে পারেন। যোগাযোগ: ৯০৩৮৫-৮৫৬৮৩। ই-মেল: anarir.pithe@gmail.com

## শখও হয়ে উঠতে পারে উপার্জনের পথ

*প্রিয়ঙ্কা ভট্টাচার্য, 'আনাড়ি'র কর্ণধার*

টালিগঞ্জের সিরিটি এলাকায় আমাদের বাড়ি। সেখানে ছোট্ট একটা ঘর থেকে আমাদের 'আনাড়ি' শুরু। কোভিডের ধাক্কায় অনেকের মতো কর্মহীন হয়ে দিশেহারা হয়ে গিয়েছিলাম। কিন্তু তখন যেটা আমার শখ ছিল সেটাই আয়ের পথ দেখিয়েছে। যাঁরা ব্যবসা শুরু করতে চাইছেন তাঁদের সকলকেই বলব, যেন সেই বিষয়ে ধারণা থাকে, জ্ঞান থাকে। আমি যেমন বিভিন্ন সময় বিভিন্ন জনের কাছ থেকে প্রশিক্ষণ নিয়েছি। মায়ের কাছে বিভিন্ন ধরনের বাঙালি রান্না শিখেছি। রান্নার ব্যাপারে আমার আত্মবিশ্বাস ছিল। এখনও কিন্তু শিখে যেতে হচ্ছে নিরন্তর, নিজেকে সমকালীন করে রাখতে। বিশেষ করে কেক, মাফিন, ব্রাউনি ইত্যাদি বেকারির সামগ্রীর ব্যাপারে নিজেকে আপডেট রাখা খুব দরকার। বেকারির ক্ষেত্রে প্রতিযোগিতা যথেষ্ট। তাই সব সময় নতুন ও অভিনব কিছু ভাবতেই হয়। সেই চিন্তা থেকেই শুরু করি জৈব আটা ও গুড় দিয়ে প্লাম কেক। আমাদের জৈব কেক এখন বহু অর্গ্যানিক স্টোরে পাওয়া যাচ্ছে। এসবের পাশাপাশি কোভিড রোগীদের জন্য রান্না করছি প্রতিদিন। তাঁদের ভরসা অর্জন করতে পেরেছি। সপ্তাহান্তে বিশেষ মেনু থাকে সকলের জন্য। পরিচিতদের গণ্ডির বাইরে ক্রেতা পাচ্ছি, এটাই মনে করি সাফল্য।

আমাদের পুঁজি খুবই কম ছিল। সেই পুঁজিও ফেরত আসবে কিনা জানা ছিল না। কিন্তু সেই ঝুঁকিটা আমাকে নিতেই হয়েছিল। যাঁরা ব্যবসা করবেন তাঁদের কিছু ঝুঁকি নেওয়ার সাহস থাকতে হবে। 'আনাড়ি'তে আমি, মা আর ভাই ছাড়া আরও সাত জন কর্মী আছেন, প্রত্যেককে বেতন দিই আমাদের প্রথম পুঁজির চেয়ে বেশি। নিজে উপার্জনের সঙ্গেই আর পাঁচ জনকে উপার্জনের পথ দেখিয়ে দেওয়ার তৃপ্তিটা খুব অন্য রকম।

পড়াশোনা শেষ করে শুধু চাকরির জন্য বসে থাকলে হবে না, ব্যবসাতেও এগিয়ে আসতে হবে। বিশেষ করে আমাদের মতো সমাজে প্রতিটি মেয়ের উপার্জন করা উচিত।

## ভ্রম সংশোধন

৫ জানুয়ারি 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত হয়েছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাকোভিজিল্যান্সের কর্মমুখী কোর্স শীর্ষক খবর। এই খবরে যোগাযোগের নম্বরটি ভুল মুদ্রিত হয়েছে। যোগাযোগের ঠিক নম্বরটি হবে: ৯০৮৮৪-০১৩৫৪। এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য আমরা দুঃখিত।

**Applications are invited for the followings posts for a proposed Nursing College under Kingston Educational Institute, a renowned educational group.**

1. **Principal** : 15 yrs. exp. with M.Sc. Nursing out of which 12 yrs. should be teaching exp. with minimum of 5 yrs. in collegiate programme. *
2. **Vice Principal** : 12 yrs. exp. with M.Sc. nursing out of reach 10 yrs. should be teaching exp. with minimum of 5 years in collegiate programme. *
3. **Professor** : 10 yrs. exp. with M.Sc. Nursing out of which 7 yrs. should be teaching exp. *
4. **Associate Professor:** M.Sc. Nursing with 8 yrs. exp. including 5 yrs. teaching exp. *
5. **Assistant Professor:** M.Sc. Nursing with 3 yrs. teaching exp. *
6. **Tutor:** M.Sc. Nursing or B.Sc. Nursing with 1 yr. exp.

***Ph.D. (N) is desirable.**

Applicants should mention **"The Post Applied For"** in the subject and mention his/her present engagement and expected salary in the application, which should reach us by email within 10 days.

Berunanpukuria, P.S. Duttapukur, Barasat, 24 Pgs. (N), Kolkata - 700126.

**Ph. 8336911928 | 81001 85121 Email- career@keical.edu.in**




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in